| ০৫ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন চাষের লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। আমন চাষের পর প্রায় ৩ মাস জমি পতিত থাকে, এ অবস্থায় জমিগুলোতে সরিষা চাষ করা যেতে পারে। এ ক্ষেত্রে কৃষক পর্যায়ে বীজের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন সরিষা চাষ যেন পতিত জমিতে চাষাবাদ করা হয়, সে ব্যবস্থা করতে হবে। উপজেলায় কোন জমি পতিত রাখা যাবে না, সে লক্ষে সকলকে কাজ করতে হবে মর্মে তিনি জানান। | ক) কৃষক পর্যায়ে সরিষা বীজ প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের জন্য প্রশাসক, উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৬ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলা জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধী এইচপিভি ভ্যাক্সিন গত ২৪ অক্টোবর/২৪ খ্রি হতে শুরু করা হয়েছে। ৯ থেকে ১৪ বছর বয়সের মেয়েদের এইচপিভি ভ্যাক্সিন দেওয়া হচ্ছে। উপজেলার যত শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সব শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদা সংগ্রহ করা হয়েছে। এই ভ্যাক্সিন গত ১৫ বছর ধরে বেসরকারী ভাবে বাংলাদেশে প্রচলিত হচ্ছে। গত বছর ২০২৩ সালের আগস্ট মাসে ঢাকা বিভাগের সকল সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের কিশোরী মেয়েদেরকে এই টিকা সফল ভাবে সম্পন্ন হয়েছে। ভ্যাক্সিনের কোনা পার্শ্ব প্রতিক্রিয়া হয় না। তাই জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধী এইচপিভি ভ্যাক্সিন নিতে ৯ থেকে ১৪ বছর বয়সের মেয়েদের উৎসাহ প্রদানে সকলের সহযোগিতা কামনা করেন। | ক) জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধী এইচপিভি ভ্যাক্সিন এর টিকা প্রদানে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৭ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারন সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৩% আয়কর ৮১০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- | ক) উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২৪ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | রাজস্ব তহবিল সংক্রান্ত | টাকার ৭.৫% ভ্যাট ২২৬/- টাকা ও ৩% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>খ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ এবং অডিটরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটার রিচার্জ করা হয়। এতে মোট ৯,৫০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন স্থানীয় সরকার বিভাগ হতে হাটবাজার ইজারালব্ধ আয়ের অবশিষ্ট ৪১% অর্থ হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বেতন ভাতাদি পরিশোধের অনুমোদন পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদে কর্মরত ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী ও গ্রাম পুলিশদের বকেয়া বেতন ভাতা বাবদ সর্বমোট ৪২,৩৩,৬৬৫/- (বিয়াল্লিশ লক্ষ তেত্রিশ হাজার ছয়শত পঁয়ষট্টি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ এর পরিষদের জামে মসজিদের সেপটিক ট্যাংক পরিষ্কার ও সেপটিক ট্যাংকি তে ফাটল থাকায় এবং পাইপ ফেটে যাওয়ায় মেরামত কাজে ইটা, বালি ও সিমেন্ট এবং পাইপ ক্রয় বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা, উক্ত টাকার ভ্যাট বাবদ ১৩১৩/- টাকা, আয়কর বাবদ ৫২৫/- টাকা এবং কাজের পারিশ্রমিক বাবদ মজুরী হিসেবে ৭০০০/- টাকা সহ সর্বমোট ২৬,৩৩৮/- (ছাব্বিশ হাজার তিনশত আটত্রিশ) টাকা ব্যয় হওয়ায় রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br>(ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মো: জামিল, পিতা: মৃত মঈনুদ্দীন, গ্রাম: পূর্ব মাছিমপুর, উপজেলা: দোয়ারাবাজার কর্তৃক চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন করেন। উক্ত আবেদনে দুর্ঘটনায় তার ডান হাতের হাড় সম্পূর্ণ বিচ্ছিন্ন হওয়ায় অপারেশন করে হাতে রড ঢুকানো ও ঔষধপত্র ক্রয় বাবদ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল জনাব মো: জামিল এর অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করা অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদ প্রশাসকের কার্যালয়, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ এবং অডিটরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটার রিচার্জে ব্যয়িত মোট ৯,৫০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) স্থানীয় সরকার বিভাগ হতে হাটবাজার ইজারালব্ধ আয়ের অবশিষ্ট ৪১% অর্থ হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের ইউপি অংশের বকেয়া বেতন ভাতা বাবদ সর্বমোট ৪২,৩৩,৬৬৫/- (বিয়াল্লিশ লক্ষ তেত্রিশ হাজার ছয়শত পঁয়ষট্টি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ এর পরিষদের জামে মসজিদের সেপটিক ট্যাংক পরিষ্কার ও সেপটিক ট্যাংকি তে ফাটল থাকায় এবং পাইপ ফেটে যাওয়ায় মেরামত কাজে ইটা, বালি ও সিমেন্ট এবং পাইপ ক্রয় বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা, উক্ত টাকার ভ্যাট বাবদ ১৩১৩/- টাকা, আয়কর বাবদ ৫২৫/- টাকা এবং কাজের পারিশ্রমিক বাবদ মজুরী হিসেবে ৭০০০/- টাকা সহ সর্বমোট ২৬,৩৩৮/- (ছাব্বিশ হাজার তিনশত আটত্রিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) মো: জামিল, পিতা: মৃত মঈনুদ্দীন, গ্রাম: পূর্ব মাছিমপুর, উপজেলা: দোয়ারাবাজার এর অপারেশন করে হাতে রড ঢুকানো ও ঔষধপত্র ক্রয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৪

(নেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

CS CamScanner

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৪৮ তারিখ ঃ- ৩০ অক্টোবর ২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৪। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। জনাব...............................................................................................।

৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭। সংরক্ষণ নথি

৩০/১০/২৪

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : [illegible]
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের নভেম্বর, ২০২৪ খ্রি মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নেহের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৮ নভেম্বর, ২০২৪ খ্রি।

সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে, দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে মর্মে তিনি জানান।<br>খ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ অঞ্চলে এপ্রিল হতে বৃষ্টিপাত শুরু হয়, তাই এ উপজেলায় উন্নয়ন কাজগুলো মার্চের মধ্যে সমাপ্ত করতে পারলে কাজগুলো টেকসই করা সম্ভব হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ শরীফপুর হতে সাইডিং পর্যন্ত রাস্তাটি উঁচু করণে বরাদ্দ প্রদান করায় উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানান। তিনি কাজটি দ্রুত এবং টেকসই ভাবে নির্মাণ করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, লক্ষীপুর ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের যোগাযোগ ব্যবস্থা অন্যান্য ইউনিয়ন হতে অনেক পিছিয়ে রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষীপুর ইউনিয়নের যোগাযোগের প্রতি গুরুত্ব দিয়ে বরাদ্দ প্রদান করায় উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহ দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত শুরু করে মার্চের মধ্যে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>গ) শরীফপুর হতে সাইডিং পর্যন্ত রাস্তাটি উঁচু করণে বরাদ্দ প্রদান করায় উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়।<br>ঘ) ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষীপুর ইউনিয়নের যোগাযোগের প্রতি গুরুত্ব দিয়ে বরাদ্দ প্রদান করায় উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পেলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে জানানো হবে। তাছাড়া এ উপজেলা কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। | চলমান কাজগুলো যেন টেকসই হয় এবং দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দ এখনও পাওয়া যায়নি। প্রতিবন্ধি ভাতার বরাদ্দ পাওয়া গেছে, তার কার্যক্রম চলমান রয়েছে। সরকার মৎস্যজীবীদেরকে ভাতার আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করেছেন। যাদের বয়স ৫০ উর্ধ্বে তারা এ ভাতার আবেদন করতে পারবেন মর্মে তিনি জানান। তিনি আরো বলেন ভাতার আবেদন করার জন্য শুধু মাত্র অনলাইন খরচ ব্যতিত অন্য কোন ব্যয় নেই। তাই ভাতার আবেদন করার সময় অতিরিক্ত কোন টাকা কাউকে প্রদান না করার জন্য জনগনকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) কোন ভাতার আবেদন করার সময় অতিরিক্ত কোন টাকা কাউকে প্রদান না করার জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৪ | শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা আগামী ০২ ডিসেম্বর/২৪ তারিখে শুরু হবে মর্মে তিনি সভায় জানান। | ক) প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | মহিলা বিষয়ক | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন VWB কার্যক্রমের আওতায় প্রতিটি ইউনিয়নে গরীব, দুস্থ ও অসহায় মহিলাদের মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে প্রদান করার লক্ষ্যে বরাদ্দ পাওয়া গেছে। ২৫ ডিসেম্বর/২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন মহিলা বিষয়ক অধিদপ্তর হতে গর্ভবতী মায়েদের পুষ্টি সহায়তা হিসাবে গর্ভ ভাতা প্রদানের একটি কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমে সমন্বয়ক হিসাবে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ যুক্ত রয়েছে। আবেদনকারী যখন গর্ভবতী হন তখন আবেদন করেন, কিন্তু আমরা যখন ঐ আবেদনের প্রেক্ষিতে তদন্ত করতে যাই তখন আবেদনকারী মা হয়ে যান। তাই গর্ভ ভাতার আবেদন করার সাথে সাথে যেন আবেদনকারী আবেদনটি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরে প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ক) VWB কার্যক্রমের আওতায় প্রতিটি ইউনিয়নে গরীব, দুস্থ ও অসহায় মহিলাদের মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে প্রদান করার লক্ষ্যে ২৫ ডিসেম্বর/২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>খ) গর্ভবতী মায়েদের পুষ্টি সহায়তা হিসাবে গর্ভ ভাতা প্রদানের আবেদনকারী আবেদনটি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরে দ্রুত প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | যুব উন্নয়ন বিভাগ | ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলায় ২০ জনের একটি গ্রুপ বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণ আয়োজন করা হবে। যাদের কমপক্ষে ৫-৬টি গরু অথবা ২০০ মোরগ রয়েছে, এমন ব্যক্তি এ প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে পারবে। প্রশিক্ষণ শেষে সরকারের অর্থায়নে বায়োগ্যাস প্লান্ট তৈরি করে দেওয়া হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরিতে ব্যয়িত অর্থ গ্রাহক কিস্তিতে পরিশোধ করতে হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দোয়ারাবাজার |
| ০৭ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ অক্টোবর/২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যা২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- | ক) উপজেলা পরিষদের অক্টোবর/২৪ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | রাজস্ব তহবিল সংক্রান্ত | টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত ) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>খ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের মাদারবোর্ড নষ্ট হওয়ায় নতুন মাদারবোর্ড ক্রয় করে মেরামত করা হয়। এতে মাদারবোর্ড ক্রয়ে ৬,৮০০/- টাকা ও সার্ভিস চার্জ ১,২০০/- টাকাসহ মোট ৮,০০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের অডিটোরিয়ামের ফ্যান নষ্ট হওয়ায় ৪টি ফ্যান ক্রয় করা হয়। এতে মোট ১৫,৪০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বীর মুক্তিযোদ্ধা নীহার রঞ্জন, গ্রাম: গোয়ারাই, ইউপি- দোহালিয়া, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় শেষকৃত্য বাবদ সর্বমোট ৪০০০/- (চার হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন।<br>(ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব রাবিয়া বেগম, স্বামী: মৃত আব্দুর রহমান, গ্রাম: এরুয়াখাই, ইউপি: লক্ষীপুর, দোয়ারাবাজার কর্তৃক আর্থিক সাহায্যের আবেদনটি সভায় উপস্থাপন করেন। তিনি অসুস্থ থাকায় চিকিৎসার জন্য আর্থিক সাহায্য হিসাবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা প্রদান করা অনুরোধ জানান।<br>(চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মহান বিজয় দিবস ২০২৪ আয়োজনে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br>(ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মোছা: মমতাজ আক্তার, পিতা: আব্দুল কুদ্দুছ, গ্রাম: আগনরায়েরগাঁও, উপজেলা: দোয়ারাবাজার কর্তৃক উচ্চ শিক্ষার জন্য আর্থিক সাহায্যের আবেদনটি সভায় উপস্থাপন করেন। ছাতক সরকারি ডিগ্রি কলেজে ডিগ্রি পাস কোর্সে ভর্তি হওয়ার জন্য আর্থিক সাহায্যের জন্য অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের মাদারবোর্ড নষ্ট হওয়ায় নতুন মাদারবোর্ড ক্রয়ে ৬,৮০০/- টাকা ও সার্ভিস চার্জ ১,২০০/- টাকাসহ মোট ৮,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা পরিষদের অডিটোরিয়ামের ফ্যান নষ্ট হওয়ায় ৪টি ফ্যান ক্রয়ে ১৫,৪০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) বীর মুক্তিযোদ্ধা নীহার রঞ্জন, গ্রাম: গোয়ারাই, ইউপি- দোহালিয়া, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় শেষকৃত্য বাবদ সর্বমোট ৪০০০/- (চার হাজার) টাকা টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) রাবিয়া বেগম, স্বামী: মৃত আব্দুর রহমান, গ্রাম: এরুয়াখাই, ইউপি: লক্ষীপুর, দোয়ারাবাজার এর চিকিৎসার জন্য ১০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(চ) মহান বিজয় দিবস ২০২৪ আয়োজনে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ছ) মোছা: মমতাজ আক্তার, পিতা: আব্দুল কুদ্দুছ, গ্রাম: আগনরায়েরগাঁও, উপজেলা: দোয়ারাবাজার কর্তৃক উচ্চ শিক্ষার জন্য আর্থিক সাহায্যের হিসাবে ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২৪

(নেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

CamScanner

স্মারক নং- ০৫ ,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৫২ তারিখ :- ২৮ নভেম্বর ২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতার্থে ও কার্যার্থে :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। জনাব..........................................................................................।

৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭। সংরক্ষণ নথি

Terue
২৮/১১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল : ০১৭৩০৩৩১০৪৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নেহের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন বর্তমানে বোরো মৌসুম শুরু হয়েছে। এ বছর ১২,৯০০ হেক্টর বোরোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বোরো মৌসুম উপলক্ষে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা সার ও বীজ বিনামূল্যে সরবরাহ করা হয়েছে। তিনি আরো বলেন পান্ডারগাঁও ইউনিয়নে ডেকার হাওর নামে একটি বড় হাওর রয়েছে। ঐ হাওরে প্রতি বছরই পানির সংকট সৃষ্টি হয়, এতে করে পানির অভাবে অনেক জমি পতিত রয়ে যায়। হাওরের মধ্যবর্তী স্থানে একটি পানি রক্ষা বাঁধ রয়েছে, ঐ বাঁধটি সময়মত রক্ষণাবেক্ষণ না করার ফলে হাওরে পানির সংকট সৃষ্টি হয়। বাঁধটি পানি উন্নয়ন বোর্ড কর্তৃক রক্ষণাবেক্ষণ করা হলে এ হাওরে অনেক জমি ফসলের আওতায় আনা সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান।<br>চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ তাঁর ইউনিয়নের ডেকার হাওরের এই বাঁধটি ঐ এলাকার কিছু মৎস্যজীবীর কারণেও কিছুটা ক্ষতিগ্রস্থ হচ্ছে। তারা মাছ ধরার জন্য বাঁধ কেটে দেয় এতে পানি নিচে নেমে উপরের অংশে পানির সংকট সৃষ্টি করে। তাই বাঁধটি স্থায়ী ভাবে পানি উন্নয়ন বোর্ডের আওতায় এনে টেকসই বাঁধ নির্মাণ করা হলে পানির সংকট হবে না মর্মে তিনি উল্লেখ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন হাওরের যাদের জমি রয়েছে, তাদের উদ্যোগেই এ রকম বাঁধ রক্ষণাবেক্ষণ করা সম্ভব। সব কিছু সরকার করবে এমনটা না ভেবে নিজেদের স্বার্থে কিছু কাজ করা উচিত। পানি উন্নয়ন বোর্ড ফসল রক্ষা বাঁধের কাজ করে পানি রক্ষায় কোন বাঁধের কাজ করে না, তারপরও বিষয়টি নিয়ে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সাথে আলোচনা করবেন মর্মে তিনি জানান। | বোরো মৌসুমের লক্ষ্যমাত্রা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে, দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে। তাছাড়া এ উপজেলায় অন্যান্য উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে মর্মে তিনি জানান। | ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহ দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন, গত ৩০ অক্টোবর/২০২৪ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় বড়খাল স্কুলের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন একটি প্রকল্প গ্রহণ করে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত ছিল। কিন্তু রাস্তাটি স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের চলাচলের অসুবিধার কারণে জরুরী ভিত্তিতে পাকা করণ প্রয়োজন। তাই রাস্তুটি দ্রুত পাকাকরণের জন্য দরপত্রের পরিবর্তে কোটেশনের করার তিনি সভায় অনুরোধ জানান।<br>গ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ভবনের কাজ খুবই ধীর গতিতে চলছে, কাজটি গুনগত মান ঠিক রেখে দ্রুত সমাপ্ত করা অতীব জরুরী। তাছাড়া ভবনের যাওয়ার অসমাপ্ত রাস্তাটির কাজ সমাপ্ত করারও প্রয়োজন। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষে প্রাক্কলন তৈরি করার জন্য বহুবার বলার পরও উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার প্রাক্কলন তৈরি না করায় স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা সম্ভব হচ্ছে না। অনুমোদন না পেলে সীমানা প্রাচীরের কাজ করা সম্ভব নয়। তাই সীমানা প্রাচীরের প্রাক্কলন দ্রুত তৈরি করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | খ) বড়খাল স্কুলের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন প্রকল্পটি স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের চলাচলের অসুবিধার কারণে জরুরী ভিত্তিতে পাকাকরণের জন্য দরপত্রের পরিবর্তে কোটেশনের করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>গ) উপজেলা পরিষদ ভবনের কাজ গুনগত মান ঠিক রেখে দ্রুত সমাপ্ত করা, ভবনের যাওয়ার অসমাপ্ত রাস্তাটির কাজ সমাপ্ত করা এবং উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের প্রাক্কলন দ্রুত তৈরি করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপ. প্রকৌশলী, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পেলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে জানানো হবে। তাছাড়া এ উপজেলা কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। | চলমান কাজগুলো যেন টেকসই হয় এবং দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ইতিমধ্যে দোয়ারাবাজার উপজেলায় কয়েকটি শিশু হত্যা ও নির্যাতনের ঘটনা ঘটেছে। কয়েকদিন পূর্বে বাংলাবাজার ইউনিয়নে একটি ৭ বছরের ছেলে ইব্রাহিমকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। তিনি এ হত্যার তীব্র নিন্দা জানান এর সাথে ধন্যবাদ জানান দোয়ারাবাজার থানা ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তিনি খুবই দ্রুত সময়ের মধ্যে হত্যাকারীদেরকে আইনের আওতায় নিয়ে আসার জন্য। উপজেলার যে কোন সভা/সেমিনারে শিশু অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলার সকল কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আলোচনা করার অনুরোধ জানান।<br>খ) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দ পাওয়া গেছে। এ উপজেলায় বয়স্ক ভাতা ৯১৩ জন এবং বিধবা ভাতা ৮৭১ জনের বরাদ্দ পাওয়া গেছে। বয়স্ক ভাতার ক্ষেত্রে অনলাইন আবেদন আছে এমন ব্যক্তিকে নির্বাচন করতে হবে এবং দরিদ্র ও অসহায়, কর্ম অক্ষম নিঃসন্তান বয়স্ক ব্যক্তিকে অগ্রাধিকার দিতে হবে। বিধবা ভাতার ক্ষেত্রে নিঃসন্তান, ভিক্ষুক, উপার্জনক্ষম লোক নাই, দরিদ্র, অসহায় ও অধিক বয়স্ক বিধবা মহিলাকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) উপজেলার যে কোন সভা/সেমিনারে শিশু অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলার সকল কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>খ) বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দের বিপরীতে অনলাইন আবেদন আছে এমন ব্যক্তিকে নির্বাচন করতে, বয়স্ক ভাতার ক্ষেত্রে দরিদ্র ও অসহায়, কর্ম অক্ষম নিঃসন্তান বয়স্ক ব্যক্তিকে এবং বিধবা ভাতার ক্ষেত্রে নিঃসন্তান, ভিক্ষুক, উপার্জনক্ষম লোক নাই, দরিদ্র, অসহায় ও অধিক বয়স্ক বিধবা মহিলাকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার বর্তমানে ছুটি চলছে। আগামী ২৯ ডিসেম্বর/২৪ তারিখে বিদ্যালয় খুলবে। এখনও নতুন বই পাওয়া যায়নি। তবে এ মাসের মধ্যে নতুন বই পাওয়া যাবে মর্মে নির্দেশনা রয়েছে। তিনি আরো বলেন প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ খুবই ধীর গতির কারণে বিদ্যালয়ের পাঠদান মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। কোন কোন বিদ্যালয়ের কাজ ৩-৪ বছর পর্যন্ত চলমান রয়েছে তারপরও কাজ সমাপ্ত করতেছেন না। কান্দাগাঁও দোয়ারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফুলকারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সাহেবেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ ৫% বেশী হয়নি। এমতাবস্থায় কি করনীয় জানতে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন কান্দাগাঁও দোয়ারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফুলকারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সাহেবেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ঠিকাদারের সাথে তিনি বারবার যোগাযোগ করতেছেন। ঠিকাদার কাজ করবেন মর্মে আশ্বাস দিলেও তারা কাজগুলো শুরু করতেছেন না। এ বিষয়ে তিনি নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ মহোদয়ের সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বিদ্যালয়ের কাজ বছরের পর বছর পড়ে থাকলে বিদ্যালয়ে পরিবেশসহ পাঠদানের ক্ষতি হচ্ছে। তাই বিষয়টি গুরুত্ব সহকারে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ক) কান্দাগাঁও দোয়ারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফুলকারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সাহেবেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ নির্মানাধীন সকল বিদ্যালয়ের ভবনের কাজ দ্রুত সমাপ্ত করণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৫ | মহিলা বিষয়ক | ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন VWB কার্যক্রমের আওতায় প্রতিটি ইউনিয়নে গরীব, দুস্থ ও অসহায় মহিলাদের মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে প্রদান করার লক্ষ্যে আগামী ২৫ ডিসেম্বর/২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) VWB কার্যক্রমের আওতায় প্রতিটি ইউনিয়নে গরীব, দুস্থ ও অসহায় মহিলাদের মাসে ৩০ কেজি চাল খাদ্য সহায়তা হিসাবে প্রদান করার লক্ষ্যে ২৫ ডিসেম্বর/২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | যুব উন্নয়ন বিভাগ | ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলায় ২০ জনের একটি গ্রুপ বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণ আয়োজন করা হবে। যাদের কমপক্ষে ৫-৬টি গরু অথবা ২০০ মোরগ রয়েছে, এমন ব্যক্তি এ প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে পারবে। প্রশিক্ষণ শেষে সরকারের অর্থায়নে বায়োগ্যাস প্লান্ট তৈরি করে দেওয়া হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরিতে ব্যয়িত অর্থ গ্রাহক কিস্তিতে পরিশোধ করতে হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগনকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দোয়ারাবাজার |
| ০৭ | মৎস্য ও প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। উপজেলায় অনেকগুলো জলমহাল রয়েছে। ইজারাদারগণ জলমহালগুলো এ মৌসুমে শুকিয়ে মাছ ধরে, ফলে মাছের বংশ নিধন হচ্ছে। তাই জলমহালগুলো যেন একেবারে শুকিয়ে না ফেলে সে দিকে লক্ষ্য রাখার জন্য সকলকে অনুরোধ জানান। | ইজারাদারগণ জলমহালগুলো যেন একেবারে শুকিয়ে না ফেলে সে দিকে লক্ষ্য রাখার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৮ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ নভেম্বর/২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত ) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের নভেম্বর/২৪ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | | খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার উপজেলার অনুকূলে বরাদ্দকৃত ত্রাণের খাবারের প্যাকেট এবং তালের চারা (বীজ) সুনামগঞ্জ সদর হতে উপজেলা পরিষদ, দোয়ারাবাজারে আনার নিমিত্ত ট্রাক দিয়ে পরিবহনের জন্য গাড়ি ভাড়া বাবদ ১৫,০০০/- টাকা এবং লোড ও আনলোড এর জন্য শ্রমিক মজুরী বাবদ ৪০০০/- টাকা সহ সর্বমোট ১৯০০০/- (উনিশ হাজার) টাকা ব্যয় হয়। উক্ত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | খ) দোয়ারাবাজার উপজেলার অনুকূলে বরাদ্দকৃত ত্রাণের খাবারের প্যাকেট এবং তালের চারা (বীজ) সুনামগঞ্জ সদর হতে উপজেলা পরিষদ, দোয়ারাবাজারে আনার নিমিত্ত ট্রাক দিয়ে পরিবহনের জন্য গাড়ি ভাড়া বাবদ ১৫,০০০/- টাকা এবং লোড ও আনলোড এর জন্য শ্রমিক মজুরী বাবদ ৪০০০/- টাকা সহ সর্বমোট ১৯০০০/- (উনিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনে স্থাপিত সোলার আইপিএস এর ব্যাটারী নষ্ট হওয়ার এবং মেশিনের সুইচ নষ্ট হওয়ার যন্ত্রপাতি ক্রয় বাবদ ১২,৫০০/- টাকা খরচ হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ১২৫০/- টাকা ও আয়কর বাবদ ৬২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ৫০০০/- টাকা সহ সর্বমোট ১৯,৩৭৫/- (উনিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনে স্থাপিত সোলার আইপিএস এর ব্যাটারী নষ্ট হওয়ার এবং মেশিনের সুইচ নষ্ট হওয়ার যন্ত্রপাতি ক্রয় বাবদ ১২,৫০০/- টাকা খরচ হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ১২৫০/- টাকা ও আয়কর বাবদ ৬২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ৫০০০/- টাকা সহ সর্বমোট ১৯,৩৭৫/- (উনিশ হাজার তিনশত পঁচাত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনে ০১ টি ওয়ারড্রব যার মূল্য ২২,৫০০/- টাকা, ০১ আরএফএল এর স্টীলের রেক যার মূল্য ১৪,৮০০/- টাকা, ০১ টি কাঠের সকেজ যার মূল্য ২৪,০০০/- টাকা এবং ০৩ টি কাঠের চেয়ার যার মূল্য ১৮০০০/- টাকা সর্বমোট ৭৯,৩০০/- (উনআশি হাজার তিনশত) টাকার মালামাল সরবরাহ করা হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ১১,৮৯৫/- টাকা ও আয়কর বাবদ ৩৯৬৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ১৫০০০/- টাকাসহ সর্বমোট ১,১০,১৬০/- (এক লক্ষ দশ হাজার একশত ষাট) টাকা খরচ হওয়ায় উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনে ০১ টি ওয়ারড্রব যার মূল্য ২২,৫০০/- টাকা, ০১ আরএফএল এর স্টীলের রেক যার মূল্য ১৪,৮০০/- টাকা, ০১ টি কাঠের সকেজ যার মূল্য ২৪,০০০/- টাকা এবং ০৩ টি কাঠের চেয়ার যার মূল্য ১৮০০০/- টাকা সর্বমোট ৭৯,৩০০/- (উনআশি হাজার তিনশত) টাকার মালামাল সরবরাহে ভ্যাট বাবদ ১১,৮৯৫/- টাকা ও আয়কর বাবদ ৩৯৬৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ১৫০০০/- টাকাসহ সর্বমোট ১,১০,১৬০/- (এক লক্ষ দশ হাজার একশত ষাট) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ০৪ টি দরজা, ০১ টি ডাইনিং টেবিল এবং ০১ টি চকেজ মেরামত ও রং করা হয়। উক্ত মেরামত কাজে কাঠ সরবরাহ বাবদ ৪০,০০০/- টাকা, রং ক্রয় বাবদ ৯৫০০/- টাকা এবং বালি ও সিমেন্ট বাবদ ১২০০০/- টাকাসহ মোট ৬১৫০০/- টাকার মালামাল | (ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ০৪ টি দরজা, ০১ টি ডাইনিং টেবিল এবং ০১ টি চকেজ মেরামত ও রং করা হয়। উক্ত মেরামত কাজে কাঠ সরবরাহ বাবদ ৪০,০০০/- টাকা, রং ক্রয় বাবদ ৯৫০০/- টাকা এবং বালি ও সিমেন্ট বাবদ ১২০০০/- |

Torue

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক্রয় করা হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ৬১৫০/- টাকা, আয়কর বাবদ ৩০৭৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ২০,০০০/- টাকাসহ সর্বমোট ৯০৭২৫/- (নব্বই হাজার সাতশত পঁচিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br><br>(চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনের ০২ টি দরজা মেরামত এবং ০২টি রুম রং করা হয়। উক্ত মেরামত কাজে কাঠ, সিমেন্ট এবং রং ও আনুষাঙ্গিক জিনিসপত্র ক্রয় বাবদ মোট ৩৮৫০০/- টাকার মালামাল ক্রয় করা হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ২৮৮৮/- টাকা, আয়কর বাবদ ১৯২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ১০,০০০/- টাকাসহ সর্বমোট ৫৩,৩১৩/- (তেপান্ন হাজার তিনশত তের) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br><br>(ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ডিসেম্বর/২০২৪ মাসে বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহিম, গ্রাম: চাইরগাঁও, ইউপি- নরসিংপুর, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০/- (চার হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। দ্বিতীয় আবেদনে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ নভেম্বর/২০২৪ এবং ডিসেম্বর/২০২৪ মাসে ৪২০০/- টাকা খরচ হওয়ায় উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | টাকাসহ মোট ৬১৫০০/- টাকার মালামাল ক্রয়ে ভ্যাট বাবদ ৬১৫০/- টাকা, আয়কর বাবদ ৩০৭৫/- টাকা এবং কার্জের মজুরী বাবদ ২০,০০০/- টাকাসহ সর্বমোট ৯০৭২৫/- (নব্বই হাজার সাতশত পঁচিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনের ০২ টি দরজা মেরামত এবং ০২টি রুম রং করা হয়। উক্ত মেরামত কাজে কাঠ, সিমেন্ট এবং রং ও আনুষাঙ্গিক জিনিসপত্র ক্রয় বাবদ মোট ৩৮৫০০/- টাকার মালামাল ক্রয়ে ভ্যাট বাবদ ২৮৮৮/- টাকা, আয়কর বাবদ ১৯২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ১০,০০০/- টাকাসহ সর্বমোট ৫৩,৩১৩/- (তেপান্ন হাজার তিনশত তের) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ছ) ডিসেম্বর/২০২৪ মাসে বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহিম, গ্রাম: চাইরগাঁও, ইউপি- নরসিংপুর, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০/- (চার হাজার) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ নভেম্বর/২০২৪ এবং ডিসেম্বর/২০২৪ মাসে ৪২০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

১৯।১২।২৪
(নেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারন সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৫৪ তারিখ ঃ- ১৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.............................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

১৯।১২।২৪
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের জানুয়ারী, ২০২৫ খ্রি মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব নেহের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৮ জানুয়ারী, ২০২৫ খ্রি।
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

<u>সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।</u>

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। তাছাড়া হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হবে। তিনি আরো বলেন শরীফপুর-সাইডিং রাস্তাটির কাজ দ্রুত সম্পন্ন করা হয়েছে। এ উপজেলায় অন্যান্য উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে মর্মে তিনি জানান। | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন এবং হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের বিপরীতে ইউনিয়নওয়ারী বিভাজন করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প তালিকা প্রদানের জন্য পত্র দেওয়া হয়েছে। খুব দ্রুত প্রকল্প তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া এ উপজেলা কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। | ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে দ্রুত প্রকল্প তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ভাতা ৯১৩ জন এবং বিধবা ভাতা ৮৭১ জনের বরাদ্দ পাওয়া গেছে। বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে শুরু করা হয়েছে। বয়স্ক ভাতার ক্ষেত্রে অনলাইন আবেদন আছে এমন ব্যক্তিকে নির্বাচন করতে হবে এবং দরিদ্র ও অসহায়, কর্ম অক্ষম নিঃসন্তান বয়স্ক ব্যক্তিকে অগ্রাধিকার দিতে হবে। বিধবা ভাতার ক্ষেত্রে নিঃসন্তান, ভিক্ষুক, উপার্জনক্ষম লোক নাই, দরিদ্র, অসহায় ও অধিক বয়স্ক বিধবা মহিলাকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দের বিপরীতে অনলাইন আবেদন আছে এমন ব্যক্তিকে নির্বাচন করতে, বয়স্ক ভাতার ক্ষেত্রে দরিদ্র ও অসহায়, কর্ম অক্ষম নিঃসন্তান বয়স্ক ব্যক্তিকে এবং বিধবা ভাতার ক্ষেত্রে নিঃসন্তান, ভিক্ষুক, উপার্জনক্ষম লোক নাই, দরিদ্র, অসহায় ও অধিক বয়স্ক বিধবা মহিলাকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |

CamScanner

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। নতুন বছরে নতুন বই পাওয়া সাথে সাথেই বিদ্যালয়গুলোতে বই বিতরণ করা হয়েছে। বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ খুবই ধীর গতির কারণে বিদ্যালয়ের পাঠদান মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাই কান্দাগাঁও নোয়াগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফুলকারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সাহেবেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ক) কান্দাগাঁও নোয়াগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফুলকারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সাহেবেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ নির্মানাধীন সকল বিদ্যালয়ের ভবনের কাজ দ্রুত সমাপ্ত করণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৫ | যুব উন্নয়ন বিভাগ | ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলায় ২০ জনের একটি গ্রুপ বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণ আয়োজন করা হবে। যাদের কমপক্ষে ৫-৬টি গরু অথবা ২০০ মোরগ রয়েছে, এমন ব্যক্তি এ প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে পারবে। প্রশিক্ষণ শেষে সরকারের অর্থায়নে বায়োগ্যাস প্লান্ট তৈরি করে দেওয়া হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরিতে ব্যয়িত অর্থ গ্রাহক কিস্তিতে পরিশোধ করতে হবে। বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) বায়োগ্যাস প্লান্ট তৈরি এবং ব্যবহারের উপরে প্রশিক্ষণের জন্য জনগণকে অবহিত করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দোয়ারাবাজার |
| ০৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো বলেন এ উপজেলায় পানির স্তর বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন রকম হওয়ায় টিউবওয়েল স্থাপনে সমস্যা হচ্ছে। যেসব টিউবওয়েলগুলো সমস্যা সৃষ্টি হয়েছে, সেগুলো মেরামত করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন টিউবওয়েল নিয়ে প্রতিদিনই অভিযোগ পাওয়া যাচ্ছে। টিউবওয়েল স্থাপনে আরো যত্নশীল হওয়া, পানির সঠিক স্তরে ফিল্টার স্থাপন করার ব্যবস্থা গ্রহণ এবং ঠিকাদারকে সঠিক কাজ না করলে বিল না দেওয়ার জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজাররকে অনুরোধ জানান। | টিউবওয়েল স্থাপনে আরো যত্নশীল হওয়া, পানির সঠিক স্তরে ফিল্টার স্থাপন করার ব্যবস্থা গ্রহণ এবং ঠিকাদারকে সঠিক কাজ না করলে বিল না দেওয়ার জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজাররকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৭ | হাট বাজার সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ১৪৩২ বাংলা সনে হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উপজেলার হাটবাজারগুলো ইজারা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান। তিনি আরো বলেন ১৪৩১ বাংলা সনে বাংলাবাজার ১ম নিলামে যে পক্ষ বাজারটি ইজারা প্রাপ্ত হয়েছেন সেই পক্ষ নির্ধারিত তারিখের মধ্যে ইজারাকৃত টাকা পরিশোধ না করায় ২য় বার বাজারটি নিলামের দেওয়া হয়েছিল। ঐ নিলামে আরেকটি পক্ষ বাজারটি ইজারা প্রাপ্ত হয়ে নির্ধারিত টাকা জমা প্রদান করেন। কিন্তু ১ম পক্ষ মহামান্য হাইকোর্টে রিট পিটিশন করে তাদের পক্ষে রায় নিয়ে বাজারটির ইজারা গ্রহণ করেন এবং ২য় পক্ষকে জমাকৃত টাকা ফেরত দেওয়া নির্দেশনা দিয়েছেন। নির্দেশনা মোতাবেক ২য় পক্ষকে জমাকৃত ৬৩,০০,০০০/- (তেষট্টি লক্ষ টাকা মাত্র) টাকা চেক নং-গভ/১০ নং ৭৯৪৭০৭৩ টাকা ফেরত দেওয়া হয়েছে এবং ভ্যাট ও আয়কর ফেরত দেওয়ার জন্য ভ্যাট ও আয়কর অফিসে পত্র দেওয়া হয়েছে। ভ্যাট ও আয়কর ফেরত আসলে | ১৪৩২ বাংলা সনে উপজেলার হাটবাজারগুলো ইজারা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার |

Terue

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ২য় পক্ষকে প্রদান করা হবে মর্মে তিনি সভায় জানান। | | |
| ০৮ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ডিসেম্বর/২৪ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত ) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের ডিসেম্বর/২৪ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সাবমার্সেবল পাম্প হতে পানি উত্তোলন না হওয়ায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের সাবমারসেবল পাম্প হতে সংযোগ দেওয়া হয়। কিন্তু কিছু দিন পরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের সাবমার্সেবল পাম্প হতেও পানি উত্তোলন না হওয়ায় ইসলামিক ফাউন্ডেশনের ভবনের সাবমার্সেবল পাম্প হতে সংযোগ দেওয়া হয় । এতে মালামাল ক্রয় বাবদ ৪,১৮০/- টাকার ৭.৫% ভ্যাট ৩১৪/- টাকা এবং ৫% আয়কর ২০৯/ টাকা এবং মজুরী ২,২০০/- টাকাসহ সর্বমোট ৬,৯০৩ টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত মালামাল ক্রয় ও মজুরী ৬,৩৮০/- টাকা এবং ৭.৫% ভ্যাট ৩১৪/- টাকা এবং ৫% আয়কর ২০৯/ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদ এর পানির লাইন মেরামতে মালামাল ক্রয় ও মজুরী ৬,৩৮০/- টাকা এবং ৭.৫% ভ্যাট ৩১৪/- টাকা এবং ৫% আয়কর ২০৯/ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মো: রাহুল ইসলাম নাহিদ এর পক্ষে বড় চাচা ইউনুছ মিয়া, গ্রাম- কলোনী, পোঃ বাংলাবাজার, উপজেলা- দোয়ারাবাজার জেলা- সুনামগঞ্জ বিদ্যুৎ তারে স্পর্শে সম্পূর্ণ হাত পুড়ে যাওয়া চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয় বাবদ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। তিনি চিকিৎসার জন্য রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের জন্য অনুরোধ জানান। | গ) মো: রাহুল ইসলাম নাহিদ এর পক্ষে বড় চাচা ইউনুছ মিয়া, গ্রাম- কলোনী, পোঃ বাংলাবাজার, উপজেলা- দোয়ারাবাজার জেলা- সুনামগঞ্জ কে চিকিৎসার জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ডিসেম্বর/২০২৪ এবং জানুয়ারি/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা আব্দুল হক, গ্রাম- শিবপুর, ইউপি- দোহালিয়া, বীর মুক্তিযোদ্ধা চান মিয়া, গ্রাম- কৈয়াজুরী, ইউপি- সুরমা, বীর মুক্তিযোদ্ধা কেতকী রঞ্জন দাস, গ্রাম- উত্তর পান্ডারগাঁও, ইউপি- পান্ডারগাঁও, বীর মুক্তিযোদ্ধা সুখেন দেবনাথ, গ্রাম- ঢুলপশী, ইউপি- মান্নারগাঁও, বীর মুক্তিযোদ্ধা আব্দুল ওয়াহিদ, গ্রাম- বাগানবাড়ী, ইউপি- বোগলা, বীর মুক্তিযোদ্ধা মোঃ আনজির আলী, গ্রাম- শিমুলতলা, ইউপি- সুরমা , মফিজ আলী, সাং- দোয়ারগাঁও, ইউপি- নরসিংপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মোট ০৭ (সাত) জন মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০*৭=২৮০০০/- (আটাশ হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | (ঘ) ডিসেম্বর/২০২৪ এবং জানুয়ারি/২০২৫ মাসে ০৭ (সাত) জন বীর মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০*৭=২৮০০০/- (আটাশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষঙ্গিক বিলের আপ্যায়ন বাবদ ১৫,০০০/-টাকার ১৫% ভ্যাট | (ঙ) ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষাঙ্গিক ব্যয় বাবদ মোট ২৪,৯০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

Torug

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ২২৫০/- টাকা, ৫% আয়কর বাবদ ৭৫০/- এবং ফটোকপি বাবদ ৯৯০০ টাকার ১৫% ভ্যাট বাবদ ১৪৮৫/- ৫% আয়কর বাবদ ৪৯৫/- টাকা সহ সর্বমোট ২৯,৮৮০ (উনত্রিশ হাজার আটশত আশি ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। সরকারি হাট-বাজার সমূহের , ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ২.৪ এর আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ মোতাবেক এবং জানুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক সহ সর্বমোট ৫২,৯০০/- ( বায়ান্ন হাজার হাজার নয়শত) টাকা জনাব উজ্জল হোসেন, এর অনুকূলে প্রদান করা যেতে পারে। | | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মো:ফজলুল হক, পিতা- মৃত আব্দুল বারী, সাং- সুরাসপুর, ইউপি- দোয়ারাবাজার, উপজেলা-দোয়ারাবাজার, জেলা-সুনামগঞ্জ ডায়াবেটিস, কোমরের হাড্ডি ক্ষয়, হাটুতে মারাত্মক সমস্যা সৃষ্টি হয়েছে চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয় বাবদ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। তিনি চিকিৎসার জন্য রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের জন্য অনুরোধ জানান। | (চ) জনাব মো:ফজলুল হক, পিতা- মৃত আব্দুল বারী, সাং- সুরাসপুর, ইউপি- দোয়ারাবাজার, উপজেলা-দোয়ারাবাজার, জেলা- সুনামগঞ্জ ডায়াবেটিস, কোমরের হাড্ডি ক্ষয়, হাটুতে মারাত্মক সমস্যা সৃষ্টি হয়েছে চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয়ের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | ৪ | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মোছাঃ শিরিন আক্তার , স্বামী- মোঃ মোশারফ হোসেন, গ্রাম – দৌলতপুর, উপজেলা- দোয়ারাবাজার, জেলা সুনামগঞ্জ অসহায় ও জন্মগত ভাবে শারীরিক প্রতিবন্দি শিশুর অপারেশন জন্য চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয় বাবদ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। তিনি চিকিৎসার জন্য রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের জন্য অনুরোধ জানান। | (ছ) জনাব মোছাঃ শিরিন আক্তার , স্বামী- মোঃ মোশারফ হোসেন, গ্রাম – দৌলতপুর, উপজেলা- দোয়ারাবাজার, জেলা সুনামগঞ্জ অসহায় ও জন্মগত ভাবে শারীরিক প্রতিবন্দি শিশুর অপারেশন জন্য চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয়ের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫,০০০/- টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর উপজেলা নির্বাহী অফিসারে এর বাসভবনে সৌর প্যানেল স্থাপিত আইপিএস এর ব্যাটারী , এসি চকেট, এবং মেশিন সুইচ নষ্ট হওয়ার যন্ত্রপাতি ক্রয় বাবদ ৪০,৫০০/- টাকা খরচ হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ৬০৭৫/-টাকা ও আয়কর বাবদ ২০২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ৬০০০/- টাকা সহ সর্বমোট ৫৪,৬০৫/- (চুয়ান্ন হাজার ছয়শত পাঁচ ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (দ) নির্দেশনা মোতাবেক এবং জানুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ উবায়দুর রহমান এর অনুকূলে ৪০,৫০০/- টাকা প্রদান করা যেতে পারে | (জ) উপজেলা নির্বাহী অফিসারে এর বাসভবনে সৌর প্যানেল স্থাপিত আইপিএস এর ব্যাটারী , এসি চকেট, এবং মেশিন সুইচ নষ্ট হওয়ার যন্ত্রপাতি ক্রয় বাবদ ৪০,৫০০/- টাকা খরচ হয়। উক্ত টাকার ভ্যাট বাবদ ৬০৭৫/-টাকা ও আয়কর বাবদ ২০২৫/- টাকা এবং কাজের মজুরী বাবদ ৬০০০/- টাকা সহ সর্বমোট ৫৪,৬০৫/- (চুয়ান্ন হাজার ছয়শত পাঁচ ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ঝ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ এবং অডিটোরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটার রিচার্জ করা হয়। এতে মোট ৪,৯৩০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | (ঝ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ এবং অডিটোরিয়াম এর প্রিপেইড বিদ্যুৎ মিটার রিচার্জ এ ব্যয়িত ৪,৯৩০/- টাকা। উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ঞ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব আব্দুর রউফ, উপজেলা ক্রীড়া সংস্থা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ অনুর্ধ্ব ১৭ দলের ফুটবল প্রতিযোগিতায় সুনামগঞ্জ জেলার জুবলি উচ্চ বিদ্যালয়ের মাঠে গত ০২ (দুই) দিন | (ঞ) অনুর্ধ্ব ১৭ দলের ফুটবল প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য রাজস্ব তহবিল হতে জনাব আব্দুর রউফ এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | খেলায় অংশ গ্রহণ করে ০২ (দুই) দিনই জয় লাভ করেন। ৩য় দিন খেলায় অংশ গ্রহণের জন্য সাহায্যে আবেদন করেন। তিনি খেলায় অংশ গ্রহণের জন্য রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের জন্য অনুরোধ জানান। | হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১/২৫

(মেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৫৬ তারিখ ঃ- ২৮ জানুয়ারী, ২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.....................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

২৮/১/২৫

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের ফেব্রুয়ারী, ২০২৫ খ্রি মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব নেহের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৫ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ।
সময় : দুপুর ১২ .০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। তাছাড়া হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। এ উপজেলায় অন্যান্য উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে মর্মে তিনি জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলা পরিষদ সৃষ্টিলগ্ন হতে অদ্যাবধি অরক্ষিত থাকায় উপজেলা পরিষদে নিরাপত্তা হীনতায় ছিল। তাই স্থানীয় সরকার বিভাগে পরিষদের সীমানা প্রাচীর নির্মানের জন্য কয়েকবার পত্র দেওয়ার পর গত ১৬ ফেব্রুয়ারী,২০২৫ খ্রি তারিখের ৫৭৪ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ৩৫০ মিটার সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মানের অনুমোদন পাওয়া গেছে। তিনি উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটকের কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, দোহালিয়া ইউনিয়ন পরিষদ বলেন ছাতক-সুনামগঞ্জ রাস্তায় গোয়ারাই ব্রিজ এবং কাঞ্চনপুর ব্রিজের এপ্রোচ মেরামত না করলে বর্ষা মৌসুমে ব্রিজটি ২টি রাস্তা হতে বিচ্ছিন্ন হয়ে যেতে পারে, ফলে ছাতক ও সুনামগঞ্জের সাথে এ অঞ্চলের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে। তাই ব্রিজ ২টির এপ্রোচ মেরামত করার জন্য তিনি অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, বাংলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের রাস্তার আইডি নম্বর অনুযায়ী ম্যাপ তৈরি করা প্রয়োজন, এতে রাস্তাগুলো চিনতে ও কাজ বাস্তবায়নের সুবিধা হবে। তাঁর ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তাগুলো পাকাকরণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>ঙ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলা রাস্তার কাজ চলমান রয়েছে। যেহেতু রাস্তাটি তিনটি ইউনিয়নের যোগাযোগের একমাত্র রাস্তা তাই ঈদের আগের রাস্তার কাজ সম্পুন্ন করার এবং টেংরাটিলা ব্রিজের কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন এবং হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রি তারিখের ৫৭৪ নং স্মারকে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ এবং প্রাক্কলিত মূল্যের ৪৯,৭৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>গ) ছাতক-সুনামগঞ্জ রাস্তায় গোয়ারাই ব্রিজ এবং কাঞ্চনপুর ব্রিজের এপ্রোচ মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>ঘ) বাংলাবাজার ইউনিয়নের রাস্তার আইডি নম্বর অনুযায়ী ম্যাপ তৈরি করা এবং গুরুত্বপূর্ণ রাস্তাগুলো পাকাকরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>ঙ) দোয়ারাবাজার-বোগলা রাস্তার কাজ ঈদের আগের সম্পুন্ন করার এবং টেংরাটিলা ব্রিজের কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |

Teruu

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br><br>চ) চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের দোয়াভর-বাঘমারা মেইন রাস্তাটি পাকাকরণে এলজিইডির যে কোন প্রকল্পে অন্তর্ভুক্ত করণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br><br>ছ) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), দোয়ারাবাজার ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নে কয়েকটি হিলিপ প্রকল্পের ব্লকের রাস্তা রয়েছে। রাস্তাগুলোর অবস্থা এত খারাপ হয়েছে যে, চলাচলে মারাত্মক সমস্যা হচ্ছে। তাই ব্লকের রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা করার অনুরোধ জানান। | অনুরোধ জানানো হয়।<br><br>চ) বোগলাবাজার ইউনিয়নের দোয়াভর-বাঘমারা মেইন রাস্তাটি পাকাকরণে এলজিইডির যে কোন প্রকল্পে অন্তর্ভুক্ত করণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>ছ) দোয়ারাবাজার ইউনিয়নে হিলিপ প্রকল্পের ব্লকের রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | মৎস্য ও প্রাণীসম্পদ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগের রাস্তাটি খুবই খারাপ ছিল। রাস্তাটি পাকাকরণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন অফিসের সামনের মাঠে গর্ত রয়েছে, তাই মাঠটি ভরাট করার অনুরোধ জানান। | উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগের রাস্তাটি পাকাকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর সাধারন) এর প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করা হয়েছে। জেলা কর্ণধার কমিটির অনুমোদন পাওয়ার সাথে সাথে যেন কাজ দ্রুত শুরু করা যায় সে প্রস্তুতি রাখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া এ উপজেলা কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান।<br>খ) চেয়ারম্যান, বাংলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নে ২০২২ সালে বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলোতে অনেক ভাঙ্গা সৃষ্টি হয়েছে, এই ভাঙ্গাগুলো ভরাট করার অনুরোধ জানান। | ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহ জেলা কর্ণধার কমিটির অনুমোদন পাওয়ার সাথে সাথে যেন কাজ দ্রুত শুরু করা যায় সে প্রস্তুতি রাখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>খ) বাংলাবাজার ইউনিয়নে ২০২২ সালে বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলোর ভাঙ্গা মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ভাতা এবং বিধবা ভাতার কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে এবং ভাতা সংক্রান্ত সকল কাজে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতা করার অনুরোধ জানান। | ক) উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে এবং ভাতা সংক্রান্ত সকল কাজে সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো বলেন এ উপজেলায় পানির স্তর বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন রকম হওয়ায় টিউবওয়েল স্থাপনে সমস্যা হচ্ছে। তাই সমস্যা হয় এমন এলাকা নির্বাচন না করার অনুরোধ জানান। | টিউবওয়েলগুলো মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার জন্য জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |

Terue

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন টিউবওয়েলগুলো ব্যক্তি পর্যায়ে কম দিয়ে প্রতিষ্ঠান যেমন মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রণয়ন করার অনুরোধ জানান। | | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ জানুয়ারী/২৫ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত ) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের ১নং ও ২নং কোয়ার্টারের মধ্যবর্তী স্থান দিয়ে মানুষ চলাচল করার কারণে কোয়ার্টারে বসবাসরত কর্মচারীদের সমস্যা হচ্ছে। তাই ১নং ও ২নং কোয়ার্টারের মধ্যবর্তী স্থানে বেড়া দেওয়া হয়। এতে সিমেন্টের পিলার ১২টি, বাঁশ ২০টি ও অন্যান্য মালামালসহ ১২,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৯৩০/- টাকা ৫% আয়কর ৬২০/- টাকাসহ মোট ১৩,৯৫০/-টাকা এবং মজুরী ২,০০০/- টাকাসহ সর্বমোট ১৫,৯৫০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত ১৫,৯৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জানুয়ারি/২০২৫ এবং ফেব্রুয়ারি/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা মফিজ আলী, গ্রাম- পেকপাড়া, ইউপি- বাংলাবাজার, মোঃ আব্দুল রশিদ, গ্রাম- মৌলারপাড়া, ইউপি- বাংলাবাজার, মোঃ আব্দুল সাত্তার, গ্রাম- দেওয়াননগর, ইউপি- দোহালিয়া, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মোট ০৩ (তিন) জন মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০*৩=১২০০০/- (বার হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ২ নং কোয়াটারের নীচতলায় একটি সিলিং ফ্যান লাগানো জন্য সিলিং ফ্যান, মালামাল ক্রয় করা হয়। উক্ত সিলিং ফ্যান এবং মালামাল ক্রয় সহ ক্রয় মুল্য ৪৫০০ টাকার ৭.৫% ভ্যাট ৩৩৮ এবং ৫% আয়কর ২২৫ এবং মজুরী ৫০০ টাকা সহ সর্বমোট ৫৫৬৩/- টাকার ভ্যাট আয়কর ব্যতীত (৫৫৬৩-৫৬৩)=৫,০০০/-(পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান।<br><br>ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ১ নং কোয়াটারের ২য় তলায় পশ্চিমপাশের কোয়ার্টারে বৈদ্যুতিক লাইন মেরামত এবং রংকরণ করা হয়। এতে মালামাল ক্রয় বাবদ ২২,২০০/- টাকার ৭.৫% ভ্যাট ১,৬৬৫/- এবং ৫% আয়কর ১,১১০/- টাকাসহ মোট ২৪,৯৭৫/- টাকা উপজেলা | ক) উপজেলা পরিষদের জানুয়ারী/২৫ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ) উপজেলা পরিষদের ১নং ও ২নং কোয়ার্টারের মধ্যবর্তী স্থানে বেড়া দেওয়া বাবদ সিমেন্টের পিলার ১২টি, বাঁশ ২০টি ও অন্যান্য মালামালসহ ১২,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৯৩০/- টাকা ৫% আয়কর ৬২০/- টাকাসহ মোট ১৩,৯৫০/-টাকা এবং মজুরী ২,০০০/- টাকাসহ সর্বমোট ১৫,৯৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(গ) জানুয়ারি/২০২৫ এবং ফেব্রুয়ারি/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা মফিজ আলী, গ্রাম- পেকপাড়া, ইউপি- বাংলাবাজার, মোঃ আব্দুল রশিদ, গ্রাম- মৌলারপাড়া, ইউপি- বাংলাবাজার, মোঃ আব্দুল সাত্তার, গ্রাম- দেওয়াননগর, ইউপি- দোহালিয়া, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মোট ০৩ (তিন) জন মৃত্যুবরণ করায় দাফন কাফন বাবদ সর্বমোট ৪০০০*৩=১২০০০/- (বার হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(ঘ) ২ নং কোয়াটারের নীচতলায় একটি সিলিং ফ্যান লাগানো জন্য সিলিং ফ্যান, মালামাল ক্রয় সহ ক্রয় মুল্য ৪৫০০ টাকার ৭.৫% ভ্যাট ৩৩৮ এবং ৫% আয়কর ২২৫ এবং মজুরী ৫০০ টাকা সহ সর্বমোট ৫৫৬৩/- টাকার ভ্যাট আয়কর ব্যতীত (৫৫৬৩-৫৬৩)=৫,০০০/-(পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঙ) ১ নং কোয়াটারের ২য় তলায় পশ্চিমপাশের কোয়ার্টারে বৈদ্যুতিক লাইন মেরামত এবং রংকরণে মালামাল ক্রয় বাবদ ২২,২০০/- টাকার ৭.৫% ভ্যাট ১,৬৬৫/- এবং ৫% আয়কর ১,১১০/- টাকাসহ মোট | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

CamScanner

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ২৪,৯৭৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৫।২।২৫
(নেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৫৯ তারিখ ঃ- ২৫ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.............................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

২৫।২।২৫
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০০৩৩১০৮৮

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ খ্রি মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব নেহের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৯ মার্চ, ২০২৫ খ্রি।
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। তাছাড়া হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ শুরু করা হয়েছে। উন্নয়ন কাজগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে। এ উপজেলায় অন্যান্য উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে মর্মে তিনি জানান। | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন এবং হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার এ স্থানীয় সরকার বিভাগ হতে গত ১৬ ফেব্রুয়ারী,২০২৫ খ্রি তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৮৪.২২-৫৭৪ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ৩৫০ মিটার সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের প্রাক্কলিত মূল্যের ৪৯,৭৫,০০০/- টাকা অনুমোদন পাওয়া গেছে। তিনি উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটকের কাজ তিনটি প্রকল্প করে টেন্ডার আহবান করবেন মর্মে সভায় উপস্থাপন করেন।<br>প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন প্রায় এক মাস পূর্বে সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের অনুমোদন পাওয়া পরেও কাজটি শুরু না করায় ক্ষোভ প্রকাশ করেন। এ অর্থ বছরে কাজটি সমাপ্ত না করতে পারলে আবার নতুন করে অনুমোদন আনতে হবে। তাই কাজটি দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | খ) ১. উপজেলা পরিষদের প্রধান ফটক নির্মাণ-৮,৫০,০০০/- টাকা।<br>২. উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ (১ম অংশ)- ২১,১৫,০০০/- টাকা।<br>৩. উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ (২য় অংশ)- ২০,১০,০০০/- টাকা।<br>উপরোক্ত প্রকল্প ০৩টি টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | গ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের ৫% নিম্ন দরপত্রের ৪,৭০,০০০/- টাকা রয়েছে। উক্ত টাকা দিয়ে ছাতক-দোয়ারাবাজার রাস্তা হতে উপজেলা পরিষদের অভিমুখে রাস্তাপাকাকরণ করার প্রস্তাব করেন। | গ) উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের ৫% নিম্ন দরপত্রের ৪,৭০,০০০/- টাকা দিয়ে ছাতক-দোয়ারাবাজার রাস্তা হতে উপজেলা পরিষদের অভিমুখে রাস্তাপাকাকরণ এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ঘ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ছাতক-দোয়ারাবাজার রাস্তা হতে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এর রাস্তাটি অসমাপ্ত রয়েছে। উক্ত রাস্তাটি সমাপ্ত করার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। রাস্তাটি পাকাকরণের জন্য ৫ লক্ষ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ঘ) ছাতক-দোয়ারাবাজার রাস্তা হতে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এর অসমাপ্ত রাস্তাটি সমাপ্ত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০৫ লক্ষ টাকা প্রদান এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, | |

Tonu

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন যেহেতু উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে সেহেতু রাস্তাটি সমাপ্ত করা খুব প্রয়োজন। তিনি রাস্তাটি সমাপ্ত করার জন্য বরাদ্দ প্রদানে মত প্রকাশ করেন।<br>ঙ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার এ স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৯ মার্চ, ২০২৫ খ্রি তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৭২৪ নং স্মারকে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা নির্মাণের জন্য ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুসারে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের এবং অডিটোরিয়ামে মধ্যবর্তী রাস্তাসহ পার্কিং নির্মাণ- ১২,২২,০০০/- টাকা এবং উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের পশ্চিম অংশে রাস্তাসহ পার্কিং নির্মাণ - ১২,০০,০০০/- টাকার প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি আরো বলেন ২৪,২২,০০০/- টাকা ৫% নিম্নদরে ১,২১,১০০/- টাকা পাওয়া যাবে এবং অবশিষ্ট ৭৮,০০০/- টাকাসহ সর্বমোট ১,৯৯,১০০/- টাকা রয়েছে। উক্ত টাকার প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।<br>প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন অবশিষ্ট ১,৯৯,১০০/- টাকা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনের রাস্তা মেরামতসহ অন্যান্য কাজ করার অনুরোধ জানান।<br>চ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শান্তিনগর পর্যন্ত রাস্তার ভাঙ্গাগুলোর কাজ বর্ষার আগের সমাপ্ত না করলে ভাঙ্গাগুলো আরো বড় হয়ে রাস্তায় ভাঙ্গন সৃষ্টি হবে। তাই রাস্তার ভাঙ্গাগুলোর কাজ দ্রুত সমাপ্ত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন যে সময় রাস্তাটির কাজ অনুমোদন হয়েছে, সেসময় রাস্তায় ভাঙ্গার সংখ্যা কম ছিল। কিন্তু বর্তমানে ভাঙ্গার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রাক্কলনটি সংশোধন করার জন্য নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ মহোদয়ের সাথে আলোচনা করে রাস্তাটির কাজ শুরু করা হবে মর্মে তিনি জানান। | দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>ঙ) ১. উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের এবং অডিটোরিয়ামে মধ্যবর্তী রাস্তাসহ পার্কিং নির্মাণ - ১২,২২,০০০/- টাকা এবং<br>২. উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের পশ্চিম অংশে রাস্তাসহ পার্কিং নির্মাণ - ১২,০০,০০০/- টাকা।<br>৩. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনের রাস্তা মেরামতসহ অন্যান্য কাজ - ১,৯৯,১০০/- টাকা।<br>উপরোক্ত ১নং ও ২নং প্রকল্প টেন্ডারের মাধ্যমে এবং ৩নং প্রকল্প পিআইসির মাধ্যমে দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>চ) দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শান্তিনগর পর্যন্ত রাস্তার ভাঙ্গাগুলোর কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। রবি মৌসুম সমাপ্ত হয়েছে, এবার রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছেন মর্মে জানান। বোরো মৌসুম এপ্রিলের প্রথম দিকে শুরু হওয়া কথা থাকলেও এবার বৃষ্টির অভাবের কারণে কয়েকদিন পরে শুরু হবে। এ উপজেলায় ধান কাটার শ্রমিক সংকট রয়েছে, তাই কৃষকগণ যেন ধান দ্রুত কাটতে পারে সে ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী। এ উপজেলা অনেকগুলো ধান কাটার মেশিন রয়েছে, ঐ মেশিনের মালিকদের সাথে যোগাযোগ করলে দ্রুত ধান কাটা সম্ভব হবে। যাদের বেশী জমি রয়েছে তারা যদি হারভেস্টার মেশিনের মাধ্যমে ধান কাটে, তাহলে দ্রুত সময়ের মধ্যে ফসল তুলা সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান। | কৃষকদের হারভেস্টার মেশিনের মাধ্যমে ধান কাটার পরামর্শ প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | মৎস্য ও প্রাণীসম্পদ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। বর্তমান সময়ে আমাদের দেশের বিভিন্ন জেলাতে গরু লাম্পি স্কিন ডিজিজ রোগে আক্রান্ত হচ্ছে। এটি গরুর একটা ভাইরাস জনিত চর্মরোগ। গত বছর এ উপজেলায়ও এ রোগে কয়েকটি গরুর বাছুর মারা গেছে। এ বছর লাম্পি স্কিন রোগটি শুরু হয়েছে। এ রোগের লক্ষন দেখা দিলে উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগ করতে খামারিদের অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | গরু লাম্পি স্কিন ডিজিজ রোগের লক্ষন দেখা দিলে উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগ করতে খামারীদের অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। অনুমোদিত প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ উপজেলা এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। তাছাড়া পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে প্রতিটি ইউনিয়নে ভিজিএফ চালের বরাদ্দ প্রদান করা হয়েছে, ইউনিয়নওয়ারী চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ভিজিএফ চাল সুষ্ঠু ও সুন্দর ভাবে বিতরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৫ | শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ফুলকরগাঁও ও দোয়ারগাঁও-কান্দাগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের কাজ চার বছর আগের শুরু করলেও ঠিকাদার কিছু কাজ করে ফেলে রেখেছে, কাজটি সমাপ্ত করার জন্য বার বার অনুরোধ করেও কাজ করানো সম্ভব হয়নি। ফলে বিদ্যালয়ের পাঠদান মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিদ্যালয়ের কাজের বিষয়ে উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার এর দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন এ মাসের ১৭ তারিখে জেলায় সভা হয়েছে, ঐ সভায় সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ শুরু করার জন্য পত্র প্রেরণের এবং কাজ শুরু না করলে ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে মর্মে তিনি জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তিনি এ উপজেলায় যোগদানের পর থেকেই শুনছেন কয়েকটি বিদ্যালয়ের ভবনের কাজ নিয়ে ঠিকাদার কাজ করছেন না। এতে করে বিদ্যালয়ের কক্ষ সংকটের ফলে পাঠদানে সমস্যা হচ্ছে। ঠিকাদার ভবনের কাজ বছরের পর বছর ফেলে রাখবে এ ভাবেত চলতে পারে না। তাই ঐ ঠিকাদার বাদ দিয়ে পুনরায় টেন্ডার করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ক) ফুলকরগাঁও ও দোয়ারগাঁও-কান্দাগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের কাজ শুরু করে দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়ন ০৭টি করে টিউবওয়েলের তালিকা প্রদান করবেন। তিনি মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগের মাধ্যমে এ উপজেলা সমবায়ীদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখছে। সমবায়ীদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে দক্ষ কর্মী হিসাবে গড়ে তুলতে সহযোগিতা করছে সমবায় বিভাগ। আছাড়া নতুন নতুন সমবায় সমিতি গঠনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান। | দোয়ারাবাজার উপজেলায় সমবায়ীদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে আরো প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দোয়ারাবাজার |

True

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৮ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে জাতীয় ভোটার হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। ভোটার হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার জন্য আনসার মোতায়েন করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | জাতীয় ভোটার হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার জন্য আনসার মোতায়েন করায় উপজেলা আনসার ভিডিপি অফিসার, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, দোয়ারাবাজার |
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ফেব্রুয়ারী/২৫ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২৫ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ১ নং কোয়ার্টারের নিচতলার পূর্ব পার্শ্বের ইউনিট দীর্ঘদিন যাবত পরিত্যক্ত থাকায় এবং বন্যায় পানি উঠার কারণে বিদ্যুৎ সংযোগ লাইন অকার্যকর যন্ত্রপাতি নষ্ট, বেসিন বিহীন, পাইপ বিহীন, গ্যাস লাইন সংযোগ সমস্যাযুক্ত অবস্থায় পড়ে ছিল বিধায় মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ মোট খরচ হয়েছে ২৬,২২১/-টাকার ১০% ভ্যাট বাবদ ২৬২৩/-টাকা ৫% আয়কর বাবদ ১৩১২/- টাকাসহ সর্বমোট ৩০,১৫৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | খ) ১ নং কোয়ার্টারের নিচতলার পূর্ব পার্শ্বের ইউনিট মেরামত বাবদ মোট খরচ হয়েছে ২৬,২২১/-টাকার ১০% ভ্যাট বাবদ ২৬২৩/-টাকা ৫% আয়কর বাবদ ১৩১২/- টাকাসহ সর্বমোট ৩০,১৫৬/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মার্চ/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা আব্দুল কালাম, বাঘমারা, বোগলাবাজার, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় তার দাফন কাফন বাবদ ৪০০০/- (চার হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | (গ) মার্চ/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা আব্দুল কালাম, বাঘমারা, বোগলাবাজার, দোয়ারাবাজার মৃত্যুবরণ করায় তার দাফন কাফন বাবদ ৪০০০/- (চার হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং আনসার ক্যাম্পে পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ /২০২৫ বিভিন্ন সময়ে রিচার্জ করা হয়। রিচার্জ বাবদ মোট ৭,৪৫৫/- টাকা খরচ হওয়ায় উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং আনসার ক্যাম্পে পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ /২০২৫ বিভিন্ন সময়ে রিচার্জ এ মোট ৭,৪৫৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন দিবস উদযাপনে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- টাকা ব্যয় করার নির্দেশনা সে মোতাবেক স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপনে ৫০,০০০/- টাকা ৫০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ঙ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মোঃ জিয়াউল হক, নিরাপত্তাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | চ) জনাব মোঃ জিয়াউল হক, নিরাপত্তাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর উন্নত চিকিৎসা | |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | গত উপজেলা পরিষদের নির্বাচনে জেনারেটর দুর্ঘটনায় ডানহাতের শাহাদাত আংগুলের প্রথম অংশ কেটে যায়। প্রাথমিক চিকিৎসা করা হয়েছে। উন্নত চিকিৎসা এবং ঔষধপত্র ক্রয় বাবদ আর্থিক সাহায্যের জন্য জিয়াউল হক এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা ত প্রদানের অনুরোধ জানান।<br>ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা আনসার ক্যাম্পের পানির লাইন নষ্ট হওয়ায় তা মেরামত করা হয়। এতে ভ্যাট আয়করসহ মোট ৪,৭০০/- টাকা ব্যয় হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | এবং ঔষধপত্র ক্রয় করার জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ছ) উপজেলা আনসার ক্যাম্পের পানির লাইন নষ্ট হওয়ায় তা মেরামত বাবদ ভ্যাট আয়করসহ মোট ৪,৭০০/- টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(নেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৬২

তারিখ :- ১৯ মার্চ, ২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.............................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল : ০১৭৩০৩৩১০৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৫ খ্রি মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব নেছের নিগার তনু, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৭ এপ্রিল, ২০২৫ খ্রি।
সময় : সকাল ১১ .০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। তাছাড়া হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ শুরু করা হয়েছে। উন্নয়ন কাজগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে। এ উপজেলায় অন্যান্য উন্নয়নমূলক কাজগুলো চলমান রয়েছে মর্মে তিনি জানান।<br>খ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের অগ্রগতি সম্পর্কে জানতে উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারের দৃষ্টি আকর্ষন করেন।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ৩৫০ মিটার সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের প্রাক্কলিত মূল্যের ৪৯,৭৫,০০০/- টাকায় তিনটি প্রকল্প গ্রহণ করে টেন্ডার আহবান করা হয়েছে।<br>গ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন গত মাসে দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শান্তিপুর পর্যন্ত রাস্তার ভাঙ্গাগুলোর কাজ বর্ষার আগের সমাপ্ত করার অনুরোধ জানিয়ে ছিলাম। কিন্তু অদ্যবধি কাজ শুরু হয়নি। তিনি কাজটি দ্রুত শুরু করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন বর্তমানে ভাঙ্গার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রাক্কলনটি সংশোধন করার জন্য নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ মহোদয়ের সাথে আলোচনা করে রাস্তাটির কাজ শুরু করা হবে মর্মে তিনি জানান। | ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন এবং হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>গ) দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শান্তিপুর পর্যন্ত রাস্তার ভাঙ্গাগুলোর কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বোরো ধানে ফসল ভালো হয়েছে। কৃষক ধান কাটিতেছে, ইতিমধ্যে প্রায় ২০% ধান কাটা হয়েছে। বাকী ধান কয়েক দিনের মধ্যে কাটা সমাপ্ত হবে মর্মে তিনি জানান। উপজেলায় সারের পর্যাপ্ত বরাদ্দ রয়েছে। আউসের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ শুরু করা হয়েছে। তাছাড়া কৃষক পর্যায়ে কৃষি যন্ত্রপাতি আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ অনুযায়ী প্রদান করা হচ্ছে মর্মে তিনি জানান। | ক) আউসের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস্য ও প্রাণীসম্পদ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। বর্তমান সময়ে আমাদের দেশের বিভিন্ন জেলাতে গরু লাম্পি স্কিন ডিজিজ রোগে আক্রান্ত হচ্ছে। এটি গরুর একটা ভাইরাস জনিত চর্মরোগ। গত বছর এ উপজেলায়ও এ রোগে কয়েকটি গরুর বাছুর মারা গেছে। এ বছর লাম্পি স্কিন রোগটি শুরু হয়েছে। এ রোগের লক্ষন দেখা দিলে উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগ করতে খামারীদের অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | গরু লাম্পি স্কিন ডিজিজ রোগের লক্ষন দেখা দিলে উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগ করতে খামারীদের অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারন) এবং গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। অনুমোদিত প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ উপজেলা এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে এবং এ অর্থ বছরে আরো কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। | ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারন) এবং গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়ন ০৭টি করে টিউবওয়েলের তালিকা প্রদান করবেন। তিনি মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মসজিদ, মাদ্রাসা, বিদ্যালয় এবং বাজারগুলোকে অগ্রাধিকার দিয়ে তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ মার্চ/২৫ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারন সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৫% আয়কর ১,৩৫০/- টাকাসহ মোট ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৪০০/- টাকার ৭.৫% ভ্যাট ৩৩০/- টাকা ও ৫% আয়কর ২২০/- টাকাসহ মোট ৪,৯৫০/- (চার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব নিবিড় চন্দ্র মোদক লিপ্টু, পিতা- লিটন চন্দ্র মোদক, দোয়ারাবাজার, সুনামগঞ্জ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের জন্য প্রস্তুতি গ্রহণ করেছেন। কিন্তু আর্থিক সাহায্যে পেলে সে আরও ভাল ভাবে পড়াশোনা করতে পারবেন মর্মে আবেদন করেন। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্যের অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন মার্চ এপ্রিল/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা রকমত উল্লা, কাঁঠালবাড়ী, বোগলাবাজার এবং আব্দুল গণি, চাটুরপাড়, নরসিংপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মৃত্যুবরণ করায় তাদের দাফন কাফন বাবদ ৪০০০/-*২=৮,০০০/- (আট হাজার) টাকা খরচ হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | ক) উপজেলা পরিষদের মার্চ/২৫ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) জনাব নিবিড় চন্দ্র মোদক লিপ্টু , পিতা- লিটন চন্দ্র মোদক, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) মার্চ এপ্রিল/২০২৫ মাসে বীর মুক্তিযোদ্ধা রকমত উল্লা, কাঁঠালবাড়ী, বোগলাবাজার এবং আব্দুল গণি, চাটুরপাড়, নরসিংপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মৃত্যুবরণ করায় তাদের দাফন কাফন বাবদ ৪০০০/-*২=৮,০০০/- (আট হাজার) টাকাউপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ১৪৩২ বাংলা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষঙ্গিক বিলের আপ্যায়ন বাবদ ১১,০০০/-টাকার ০৫% ভ্যাট বাবদ ৯৫০/- টাকা, ৫% আয়কর বাবদ ৯৫০/- এবং ফটোকপি বাবদ ৬,৭০০/- টাকার ১৫% ভ্যাট বাবদ ১,০০৫/- ৫% আয়কর বাবদ ৩৩৫/- টাকা সহ সর্বমোট ২৮,৯৪০ (আটাশ হাজার নয়শত চল্লিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | ঘ) ১৪৩২ বাংলা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষঙ্গিক বিলের আপ্যায়ন বাবদ ১১,০০০/-টাকার ০৫% ভ্যাট বাবদ ৯৫০/- টাকা, ৫% আয়কর বাবদ ৯৫০/- এবং ফটোকপি বাবদ ৬,৭০০/- টাকার ১৫% ভ্যাট বাবদ ১,০০৫/- ৫% আয়কর বাবদ ৩৩৫/- টাকা সহ সর্বমোট ২৮,৯৪০ (আটাশ হাজার নয়শত চল্লিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালার এবং অন্যানা যাবতীয় সামগ্রী ক্রয় ৪১,৫০০ (একচল্লিশ হাজার পাঁচশত) টাকা, উক্ত টাকার ভ্যাট বাবদ ৬২২৫/- টাকা, আয়কর বাবদ ২০৭৫/-টাকা এবং কাজের পাারিশ্রমিক বাবদ মজুরী হিসেবে ৭,০০০/-টাকা সহ সর্বমোট ৫৬,৮০০/- (ছাপ্পান্ন হাজার আটশত) টাকা ব্যয় হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | (ঙ) উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালার এবং অন্যান্য যাবতীয় সামগ্রী ক্রয় ৪১,৫০০ (একচল্লিশ হাজার পাঁচশত) টাকা, উক্ত টাকার ভ্যাট বাবদ ৬২২৫/- টাকা, আয়কর বাবদ ২০৭৫/-টাকা এবং কাজের পাারিশ্রমিক বাবদ মজুরী হিসেবে ৭,০০০/- টাকা সহ সর্বমোট ৫৬,৮০০/- (ছাপ্পান্ন হাজার আটশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জনাব মোঃ মামুন মিয়া, পিতা- মৃত আশিক মিয়া, গ্রাম- সোনাপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কর্তৃক ঘূর্ণিঝড়ে ঘর বাড়ী বিধ্বস্ত হওয়ায় আর্থিক সাহায্যের আবেদনটি করেন। উক্ত আবেদনে তিনি ঘর বাড়ি মেরামতের জন্য আর্থিক সাহায্যে পেলে সে ঘরটি মেরামত করতে পারবে। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্যের অনুরোধ জানান। | (চ) মোঃ মামুন মিয়া, পিতা- মৃত আশিক মিয়া, গ্রাম- সোনাপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কে ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের ২ নং চামেলী কোয়াটারের নিচতলায় পাশের ফ্লাটে জানালাগুলো নষ্ট হওয়ায় জানালাগুলো ভেঙ্গে গ্রিলসহ থাই, ফ্লাটে বিদ্যুতের কাজ এবং রং এ কাজ করা হয়। এতে ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২,১১,৪২০/ টাকা ব্যয় হয়। উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | (ছ) উপজেলা পরিষদের ২ নং চামেলী কোয়াটারের নিচতলায় পাশের ফ্লাটে জানালাগুলো নষ্ট হওয়ায় জানালাগুলো ভেঙ্গে গ্রিলসহ থাই, ফ্লাটে বিদ্যুতের কাজ এবং রং এ কাজে ব্যয়িত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২,১১,৪২০/ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের এবং বিল ভাউচারের মাধ্যমে বিল উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (চ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের অডিটোরিয়ামের ফ্যান নষ্ট হওয়ায় ৫ টি ফ্যান ক্রয় করা হয়। এতে মজুরী ২৫০০/- টাকা ফ্যান ও অন্যান মালামাল ক্রয় ১৮,৫০০/- টাকা। উক্ত টাকার ভ্যাট বাবদ ২৭৭৫/- টাকা, আয়কর বাবদ ৯২৫/-টাকা সহ সর্বমোট ২৪,৭০০/- (চব্বিশ হাজার সাতশত) টাকা ব্যয় হয়। উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | (চ) উপজেলা পরিষদের অডিটোরিয়ামের ফ্যান নষ্ট হওয়ায় ৫ টি ফ্যান ক্রয় করা হয়। এতে মজুরী ২৫০০/- টাকা ফ্যান ও অন্যান মালামাল ক্রয় ১৮,৫০০/- টাকা। উক্ত টাকার ভ্যাট বাবদ ২৭৭৫/- টাকা, আয়কর বাবদ ৯২৫/-টাকা সহ সর্বমোট ২৪,৭০০/- (চব্বিশ হাজার সাতশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মেহের নিগার তনু)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৬৪ তারিখ ঃ- ১৭ এপ্রিল, ২০২৫ খ্রি ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ...............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব........................................................................................... ।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় ঃ উপজেলা পরিষদের মে, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব অরুপ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ২৯ মে, ২০২৫ খ্রি।

সময় ঃ দুপুর ১২ .০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>যোগাযোগ ও ভৌত অবকাঠামো</td><td>ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজের অগ্রগতি উপস্থাপন করেন।<br>প্রকল্পসমূহ<br><table><tr><th>খাতের নাম</th><th>চলমান</th><th>সমাপ্ত</th></tr><tr><td>এডিপির প্রকল্প সংখ্যা- ২৪টি</td><td>০৪ টি</td><td>২০ টি</td></tr><tr><td>উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের প্রকল্প সংখ্যা -১৫টি</td><td>০৪টি</td><td>১২টি</td></tr></table>চলমান কাজগুলা দ্রুত বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভায় জানান।<br>প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উন্নয়ন কাজগুলো সঠিকভাবে রক্ষণাবেক্ষন করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন এ উপজেলার হাট-বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাত হতে ৩৫ টি প্রকল্প গ্রহন করা হলেও বাংলাবাজার, নরসিংপুর ও লক্ষীপুর ইউনিয়নের বাজারের জায়গার জটিলতার জন্য ৫টি প্রকল্পের কাজ করা সম্ভব হবে না বিধায় ৫ টি প্রকল্প বাদ দিয়ে ৩০টি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তার মধ্যে ৬টি কোটেশনে ও ০৫টি পিআইসি মাধ্যমে এবং বাকী ১৯টি প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রিয়ায় আছে, টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন প্রকল্পগুলো অনুমোদনের পূর্বে যাচাই-বাছাই এবং সরজমিন পরিদর্শন করে প্রকল্প গ্রহন করা উচিত ছিল। ভবিষ্যতে কাজ করা সম্ভব হবে না এমন প্রকল্প গ্রহণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শাস্তিনগর পর্যন্ত রাস্তার ভাঙাগুলোর কাজ শুরু করায় উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানান। তিনি বর্ষা শুরু হওয়ার আগেই কাজটি সমাপ্ত করার অনুরোধ জানান। তিনি আরো বলেন দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার পর্যন্ত রাস্তাটির অবস্থা খুবই খারাপ, রাস্তাটি মেরামত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন রাস্তার কাজ শুরু</td><td>ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) হাট-বাজার তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত কাজ বাস্তবায়ন করার উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>গ) দোয়ারাবাজার-বোগলা রাস্তার শরীফপুর হতে শাস্তিনগর পর্যন্ত রাস্তার ভাঙাগুলোর মেরামতের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।</td></tr>
</table>

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | করা হয়েছে, যেহেতু রাস্তাটি কার্পেটিং করা হবে তাই অতিবৃষ্টি হলে কাজটি করতে বিলম্ব হবে। তবে রাস্তা চলাচলের উপযোগি করে তোলা হবে মর্মে তিনি জানান।<br>ঙ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। উপজেলা পরিষদ ক্যাম্পাস সুরক্ষিত রাখার জন্য দ্রুত কাজটি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ করা অতীব প্রয়োজন। উক্ত কাজটি নির্মানে সর্বাত্মক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। | ঙ) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বোরো মৌসুম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এবার বোরো ধানের ফসল ভালো হয়েছে। সুরমা, লক্ষীপুর, বাংলাবাজার ও নরসিংপুর ইউনিয়নে সেচের মাধ্যমে বোরো চাষের ধান কাটতে আরো কিছু দিন সময় লাগবে মর্মে তিনি জানান। তিনি আরো বলেন আউশের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করা হয়েছে। আমন চাষের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নওয়ারী তালিকা প্রস্তুতের কাজ শুরু করা হবে। কৃষকের তালিকা প্রণয়নে সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করার অনুরোধ জানান্।<br>প্যানেল চেয়ারম্যান, বোগলাবাজার বলেন প্রণোদনা হিসাবে বীজ ও সার উপযুক্ত সময়ে না দেওয়ার কারণে ঐ প্রণোদনা কৃষকের তেমন উপকারে আসে না। তাই উপযুক্ত সময়ে বীজ ও সার প্রদান করার অনুরোধ জানান।<br>উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন এমন পরিস্থিতি পূর্বে হয়েছিল, কিন্তু কয়েক বছর যাবত সময়মত প্রণোদনার বীজ ও সার কৃষক পর্যায়ে প্রদান করা হচ্ছে।<br>প্যানেল চেয়ারম্যান, বাংলাবাজার বলেন প্রণোদনা দেওয়ার জন্য যাদেরকে নির্বাচিত করা হয়, তাদের মধ্যে অকৃষক অন্তর্ভুক্ত থাকে। তারা প্রণোদনা হিসাবে বীজ ও সার পেয়ে বিক্রি করে চলে যায়। এতে প্রকৃত কৃষক প্রণোদনার সুফল হতে বঞ্চিত হচ্ছে মর্মে তিনি জানান।<br>উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন প্রণোদনা হিসাবে বীজ ও সার বড় কৃষকের পাশাপাশি গরীব এবং বর্গাচাষ করে এমন কৃষককে প্রদান করা হয়, তবে কিছু কৃষক এমনটা করে মর্মে প্রতিয়মান হয়েছে। ভবিষ্যতে তালিকা প্রণয়নে এমন কৃষক অন্তর্ভুক্ত না করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক) আমনের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকায় প্রকৃত কৃষক নির্বাচিত করার এবং দ্রুত বিতরণ নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৩ | মৎস্য ও প্রাণীসম্পদ | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২৮ শে মে/২০২৫ হতে ২৯জুন/২০২৫ পর্যন্ত মৎস্যজীবীদের এক মাসের প্রণোদনা দেওয়ার কথা থাকলেও তা এ বছর করা সম্ভব হচ্ছে না। প্রণোদনা আগমী বছর থেকে শুরু করা হবে মর্মে তিনি জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন দেশীয় প্রজাতির মাছের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে পোনা মাছ না ধরার ব্যাপারে মৎস্যজীবীদের নিরুৎসাহিত করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | ক) ২৮ শে মে/২০২৫ হতে ২৯জুন/২০২৫ পর্যন্ত মা মাছ এবং পোনা মাছ না ধরার জন্য মৎস্যজীবীদের নিরুৎসাহিত করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস্য ও প্রাণীসম্পদ | খ) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে,। ২০১৯ সালে লাম্পি স্কিন ডিজিজ রোগটি বাংলাদেশে প্রথম শুরু হয়। ফেব্রুয়ারী হতে এপ্রিল মাস পর্যন্ত রোগটি প্রকট হয়। বর্তমান এ উপজেলায় কিছু গরু লাম্পি স্কিন ডিজিজ রোগে আক্রান্ত হয়েছে, প্রায় ৯০% গরুই সুস্থ হয়েছে মর্মে তিনি জানান। | খ) গরু লাম্পি স্কিন ডিজিজ রোগের লক্ষন দেখা দিলে উপজেলা প্রাণীসম্পদ অফিসের যোগাযোগ করতে খামারীদের অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ প্রায় শেষ হয়েছে। অনুমোদিত প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ উপজেলা এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে। তাছাড়া পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে প্রতিটি ইউনিয়নে ভিজিএফ চালের বরাদ্দ প্রদান করা হয়েছে, ইউনিয়নওয়ারী চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ভিজিএফ চাল সুষ্ঠু ও সুন্দর ভাবে বিতরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলা বন্যা কবলিত উপজেলা। জুনের প্রথমে বন্যা হওয়ার আশংকা রয়েছে। তাই বন্যার সময় আশ্রয় কেন্দ্রগুলো খোলা রাখার ব্যবস্থা করা, মানুষ উদ্ধারের জন্য প্রত্যেক ওয়ার্ডে নৌকার ব্যবস্থা করা এবং নৌকার মাঝির তালিকা সংগ্রহ করে রাখা। যেন বন্যার সময় অনেককে দ্রুত ব্যবহার করে জনগণের জানমাল রক্ষা করা যায়। এ বিষয়ে সকল জনপ্রতিনিধিগণকে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>খ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে বরকতনগর ও গোজাউড়া রাস্তায় ত্রাণ ও পুর্নবাসন অধিদপ্তরের আওতায় এইচবিবি করণের কাজ চলমান রয়েছে। নির্মাণাধীন রাস্তাটি বৃহত্তর লক্ষীপুর ও বৃহত্তর রাজার ইউনিয়ন নিয়ে গঠিত লক্ষীপুর ইউনিয়নে প্রথম নির্বাচিত চেয়ারম্যান মরহুম আজাহার আলী চেয়ারম্যান এর নামে সড়কটি নামকরণ করার প্রস্তাব করেন। তিনি আরো বলেন মরহুম আজাহার আলী একজন গুণী এবং শিক্ষানুরাগী ব্যক্তি হিসাবে এলাকায় পরিচিত ছিলেন। তিনি ১৯৬০ খ্রি হতে ১৯৬৪ খ্রি পর্যন্ত বৃহত্তর ইউনিয়নের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁর স্মৃতি রক্ষার্থে রাস্তাটি মরহুম আজাহার আলী চেয়ারম্যান এর নামে নামকরণ করার অনুরোধ জানানা। | ক) ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত এবং ভিজিএফ চাল সুষ্ঠু ও সুন্দর ভাবে বিতরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>খ) ত্রাণ ও পুর্নবাসন অধিদপ্তরের আওতায় নির্মাণাধীন বরকতনগর ও গোজাউড়া গ্রামের রাস্তাটি মরহুম আজাহার আলী চেয়ারম্যান এর নামে নামকরণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দের বিপরীতে ইউনিয়নওয়ারী তালিকা পাওয়া গেছে। তালিকা অনুসারে টিউবওয়েল স্থাপনের কাজ বাস্তবায়ন করা হবে মর্মে তিনি জানান। তিনি আরো বলেন ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে, দ্রুত কাজ সমাপ্ত করা হবে মর্মে জানান। | ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের ইউনিয়নওয়ারী তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ০৬ | মহিলা বিষয়ক দপ্তর | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এ উপজেলায় ৩১৬৮ জন ভিজিডির আওতায় প্রতি মাসে ৩০ কেজি চাল পেয়ে থাকেন। সরকার পুরাতন কার্ডধারীদের | ভিজিডির আওতায় অতিরিক্ত ০৬ মাসের চাল সুষ্ঠু ও সুন্দরভাবে বন্টন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০৬</td><td></td><td>আরো ০৬ মাস চাল দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতিমধ্যে অতিরিক্ত ০৬ মাসের চালও বণ্টন শুরু করা হয়েছে। তাছাড়া নতুন ভিজিডির তালিকা সম্পন্ন করা হয়েছে। সরকারের নির্দেশনা মোতাবেক ভিজিডির তালিকার অন্যান্য কাজ চলমান রয়েছে মর্মে তিনি জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>০৭</td><td>প্রাথমিক শিক্ষা</td><td>উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। প্রায় ৩ বছর পূর্বে ফুলকারগাঁও, কান্দাগাঁও-দোয়ারগাঁও, রামপুর সাহেবেরগাঁও, বরকতনগর ও রাধানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ শুরু হলেও অদ্যবধি কাজ সমাপ্ত করা হয়নি। ফুলকারগাঁও, কান্দাগাঁও-দোয়ারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ শুরু করে বর্তমানে ২বছর যাবত বন্ধ রয়েছে। রামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ ধীর গতিতে চলছে। ভবনের অভাবে বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। তিনি দ্রুত ভবনের কাজ সমাপ্ত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার, বলেন রামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ ৫৫% সাহেবেরগাঁও-৪০%, বরকতনগর-৯০% ও রাধানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ-৭০% হয়েছে এবং কাজ চলমান রয়েছে। তবে ফুলকারগাঁও, কান্দাগাঁও-দোয়ারগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজ বাতিলের জন্য এবং ঠিকাদারের লাইসেন্স কালো তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য প্রধান প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>প্রাথমিক বিদ্যালয়ের ভবনের কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার</td></tr>
<tr><td>০৮</td><td>খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার উপজেলা খাদ্য শস্য সংরক্ষণে ধান ও চাল সংগ্রহে কাজ চলমান রয়েছে। মে/২৫ মাসে এ পর্যন্ত আতপ চাল ৪০৯.৭১০ মেঃ টন এবং ধান ৬০০ মেঃ টন সংগ্রহ করা হয়েছে। সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করার হবে মর্মে সভায় জানান।</td><td>সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করার এবং পর্যাপ্ত আদ্রতা নির্ণয় করে ধান ও চাল সংগ্রহ করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার</td></tr>
<tr><td>০৯</td><td>বাজেট সংক্রান্ত</td><td>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা পরিষদের বার্ষিক খসড়া বাজেট (অর্থ বছর ২০২৫-২৬) সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের সম্ভাব্য রাজস্ব আয় ২,৮২,৮০,০০০.০০ টাকা, রাজস্ব তহবিল হতে সরাসরি ব্যয় ৮৬,৬৫,৮০০.০০ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলে স্থানান্তর ১,৯৬,৩৮,২০০.০০ টাকাসহ সর্বমোট ২,৮২,৮০,০০০.০০ টাকা নির্ধারণ করা হয়। বার্ষিক উন্নয়ন তহবিলের সম্ভাব্য আয় (এডিপি) ১,৩০,০০,০০০.০০ টাকা, এডিপি বিশেষ বরাদ্দ, ১,০০,০০,০০০.০০ টাকা, নৌকা ঘাট/(ফেরিঘাট হতে উদ্বৃত্ত ) হতে ৩০,০০,০০০.০০ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত ১,৯৬,৩৮,২০০.০০ টাকাসহ সর্বমোট ৪,৫৬,৩৮,২০০.০০ টাকা এবং উন্নয়ন তহবিল হতে ব্যয় ৪,৫৬,৩৮,২০০.০০ টাকা নির্ধারণ করা হয় মর্মে সভায় জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপস্থাপিত উপজেলা পরিষদের বার্ষিক খসড়া বাজেট (অর্থ বছর ২০২৫-২৬) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
<tr><td>১০</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।<table><tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমাণ</th></tr><tr><td>১। ১৪৩২ বাংলা সনে হাটবাজার, জলমহাল ও খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তির বিল (দৈনিক সংবাদ-৮২,৮০০/- টাকা</td><td>১,২৮,৯৫৬/-</td></tr></table></td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>দৈনিক সুনামগঞ্জের খবর- ১৫৬৪০/- টাকা ও দৈনিক জালালাবাদ-৩০,৫১৬/- টাকা</td><td></td></tr>
<tr><td>২। উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর ভূমি উন্নয়ন কর</td><td>১০,০৮০/-</td></tr>
<tr><td>৩। উপজেলা পরিষদের বিভিন্ন ভবনের (উপজেলা পরিষদ কার্যালয়, অডিটোরিয়াম ও সম্মেলন কক্ষ) বিদ্যুৎ বিল</td><td>১৬,১৮০/-</td></tr>
<tr><td>৪। দোয়ারাবাজার উপজেলার ৭জন জুলাই আন্দোলনে আহতদের আর্থিক সহায়তা বাবদ</td><td>৩৫,০০০/-</td></tr>
<tr><td>৫। ক্যাব কার্নিভাল ২০২৫ উদযাপন উপলক্ষ্যে আর্থিক সহযোগিতা</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>৬। সুবর্ণা আক্তার তানজিনা, পিতা- আহম আলী, সাং-নুরপুর দোয়ারাবাজার, সুনামগঞ্জ লেখাপড়ার খরচে আর্থিক অনুদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৭। উপজেলা পরিষদের অডিটোরিয়ামে সাউন্ড সিস্টেম মেরামত, ক্রয় এবং সাবমারসেবল পাম্প মেরামত</td><td>৫৫,৫০৮/-</td></tr>
<tr><td>৮। উপজেলা পরিষদের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিষদের ০৫ টি ট্যাংকি পরিস্কার পরিচ্ছন্নতা কাজ বাবদ</td><td>১০,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং বাছিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।
</td><td></td><td></td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৫.২০২৫

(অরুপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারন সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৬৬ তারিখ ঃ- ২৯ মে, ২০২৫ খ্রি ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.......................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

২৯.০৫.২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | : উপজেলা পরিষদের জুন, ২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : জনাব অরুণ রতন সিংহ, প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | : ৩০ জুন, ২০২৫ খ্রিঃ। |
| সময় | : দুপুর ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>যোগাযোগ ও ভৌত অবকাঠামো</td><td>ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া প্রকল্পসমূহের কাজের অগ্রগতি উপস্থাপন করেন।<br>প্রকল্পসমূহ<table><tr><th>খাতের নাম</th><th>চলমান</th><th>সমাপ্ত</th></tr><tr><td>এডিপির প্রকল্প সংখ্যা- ২৪টি</td><td>০</td><td>২৪ টি</td></tr><tr><td>উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের প্রকল্প সংখ্যা -১৫টি</td><td>০১টি</td><td>১৪ টি</td></tr></table>চলমান কাজটি দ্রুত বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভায় জানান।</td><td>ক) ২০২৪- ২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেওয়া চলমান কাজটি দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।</td></tr>
<tr><td></td><td></td><td>খ) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার পর্যন্ত রাস্তাটির চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। তাই আগামী অর্থ বছরে রাস্তাটি মেরামত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার আগামী অর্থ বছরে দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার পর্যন্ত রাস্তাটি মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি জানান।</td><td>খ) দোয়ারাবাজার-বোগলাবাজার রাস্তা হতে টেংরাবাজার পর্যন্ত রাস্তাটি মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>গ) চেয়ারম্যান, নরসিংপুর ইউনিয়ন পরিষদ বলেন বীরেন্দ্রনগর হতে নাছিমপুর পর্যন্ত রাস্তাটি পাকাকরণ এবং বাংলাবাজার-নরসিংপুর রাস্তায় শ্যামারগাঁও ভাঙ্গায় একটি ব্রিজ নির্মাণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বীরেন্দ্রনগর হতে নাছিমপুর পর্যন্ত রাস্তাটি পাকাকরণ এবং শ্যামারগাঁও ভাঙ্গায় একটি ব্রিজ নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান।</td><td>গ) বীরেন্দ্রনগর হতে নাছিমপুর পর্যন্ত রাস্তাটি পাকাকরণ এবং বাংলাবাজার-নরসিংপুর রাস্তায় শ্যামারগাঁও ভাঙ্গায় একটি ব্রিজ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>ঘ) প্রশাসক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীর না থাকায় পরিষদ অরক্ষিত ছিল। উপজেলার জনপ্রতিনিধিগণের সহযোগিতায় সীমানা প্রাচীরের কাজ শুরু করা হয়েছে। কাজটি বাস্তবায়নে সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং কাজটি টেকসই ভাবে নির্মাণ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন সীমানা প্রাচীরের অনুমোদনের স্বার্থে কিছু বিষয় বাদ দেওয়া হয়েছিল, কিন্তু কাজ করার সময় বিষয়গুলো বাদ দেওয়া সম্ভব হচ্ছে না। তাই প্রাক্কলনটি Re-Cast করা প্রয়োজন। সেই মোতাবেক</td><td>ঘ) সীমানা প্রাচীরের প্রাক্কলনটি Re-Cast করে প্রাক্কলন মোতাবেক কাজটি দ্রুত বাস্তবায়ন করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
</table>

CamScanner

| ক্রম নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কাজের স্বার্থে নির্দিষ্ট অর্থের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলনটি Re-Cast করে প্রাক্কলন মোতাবেক কাজটি বাস্তবায়ন করা হচ্ছে মর্মে তিনি জানান। | | |
| ০২ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো বলেন রোপা আমনের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করা হবে। কৃষকের তালিকা প্রণয়নে সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করার অনুরোধ জানান। | ক) আমনের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকায় প্রকৃত কৃষক নির্বাচিত করার ব্যবস্থা গ্রহণের উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ সমাপ্ত হয়েছে। এ উপজেলা এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের কাজ চলমান রয়েছে। আগামী অর্থ বছরে উপজেলায় আরো এইচবিবি রাস্তা ও কয়েকটি ব্রিজের চাহিদা প্রেরণ করা হবে মর্মে তিনি সভায় জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলা বন্যা কবলিত উপজেলা। বন্যার সময় দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য এনজিও ইরা কর্তৃক একটি নৌকা এ উপজেলা হস্তান্তর করেছেন। নৌকাটি জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয় হতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার গ্রহণ করেছেন মর্মে জানান। | ক) ২০২৪-২৫ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর প্রকল্পসমূহের কাজ ক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | মৎস্য ও প্রাণীসম্পদ | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। মৎস্য সংরক্ষণে নদী ও হাওরে মোবাইল কোর্ট পরিচালনা করা অতীব প্রয়োজন। তিনি মৎস্য সংরক্ষণে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | ক) মৎস্য সংরক্ষণে নদী ও হাওরে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৫ | যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৪-২৫ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক (৭দিন) প্রতিটি ব্যাচে ৩০করে মোট ০৮টি ব্যাচ, সামাজিক সচেতনতা মূলক কর্মকান্ডে যুব সমাজের ভূমিকা শীর্ষক কর্মসূচি, ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন প্রকল্পের উপর প্রশিক্ষণ ০৪টি ব্যাচ ও বায়োপ্লান্ট স্থাপনে সহায়তা ০২টি, আত্মকর্মী সৃজন প্রশিক্ষণ, যুব ঋণ বিতরণ-৬,০০,০০০/- টাকা এবং আত্মকর্ম যুব ঋণ বিতরণ ৯,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। আগামী অর্থ বছরেও প্রকল্পগুলো চলমান থাকবে মর্মে তিনি সভায় জানান। | যুব উন্নয়ন মাধ্যমে বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রকল্প গ্রহণ করার ব্যবস্থ্য গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৬ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এ উপজেলায় সর্বমোট ৫৯টি সমবায় সমমিতির কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় সমবায় সমিতির মধ্যে সবচেয়ে বেশী মৎস্য সমবায় সমিতি এবং কিছু ঋণদান সমবায় সমিতি রয়েছে। সরকার সমবায় সমিতির মাধ্যমে বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আগামী অর্থ বছরে কিছু প্রকল্প গ্রহণ করা হবে মর্মে তিনি জানান। | সমবায় সমিতির মাধ্যমে বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রকল্প গ্রহণ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার উপজেলা খাদ্য শস্য সংরক্ষণে ধান ও চাল সংগ্রহে যে লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে সেই লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। উপজেলায় খাদ্য বান্ধব ডিলার নিয়োগের পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ১৬ জুলাই/২৫ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে মর্মে তিনি সভায় জানান। | দোয়ারাবাজার উপজেলা খাদ্য শস্য সংরক্ষণে ধান ও চাল সংগ্রহে লক্ষ্যমাত্রা অর্জন করায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার |
| ০৮ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলায় ০৩টি FWC এর মধ্যে বাংলাবাজার FWC টি মডেল FWC হিসাবে কাজ করছে। গত মাসে পান্ডারগাঁও FWC তে ২২টি ডেলিভারী কার্যক্রম পরিচালিত হয়েছে। কিন্তু প্রয়োজনীয় আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম না থাকায় কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে। তাই উপজেলা পরিষদ হতে FWC তে প্রয়োজনীয় আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম প্রদান করার অনুরোধ জানান। | ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি হতে FWC তে আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ |
| ০৯ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার এর পক্ষে প্রতিনিধি বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ১২টি করে টিউবওয়েলের বরাদ্দের বিপরীতে ইউনিয়নওয়ারী তালিকা অনুসারে টিউবওয়েল স্থাপনের কাজ শুরু করা হয়েছে। তিনি আরো বলেন ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে, দ্রুত কাজ সমাপ্ত করা হবে মর্মে জানান। | ২০২৩-২৪ অর্থ বছরের টিউবওয়েল স্থাপনের ইউনিয়নওয়ারী তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার |
| ১০ | মাধ্যমিক শিক্ষা | ক) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এইচ এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে মর্মে তিনি জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন পরীক্ষার্থীদের সময় দেখার জন্য প্রতিটি পরীক্ষা কক্ষে দেওয়াল ঘড়ি থাকা প্রয়োজন। কিন্তু পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে তিনি পরীক্ষা কক্ষে কোন দেওয়াল ঘড়ি দেখতে পাননি। তাই তিনি প্রতিটি পরীক্ষা কক্ষের জন্য ১টি করে মোট ২৩টি করে ঘড়ি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেন।<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার, দোয়ারাবাজার উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার মহোদয় কর্তৃক প্রতিটি পরীক্ষা কক্ষের জন্য ১টি মোট ২২টি করে ঘড়ি প্রদান করার ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। | দোয়ারাবাজার উপজেলায় এইচএসসি পরীক্ষা কেন্দ্রের দেওয়াল ঘড়ি প্রদান করার উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ১১ | প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলার ১০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে শিখন মান যাচাইয়ের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত মূল্যায়ন টুলসের আলোকে আগামী ০১ জুলাই ২০২৫ থেকে ১৫ ই জুলাই ২০২৫ পর্যন্ত বেইসলাইন সার্ভে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সকল শিক্ষককে এই বিষয়ে প্রশিক্ষিত করা হয়েছে। বেইসলাইনোত্তর চিহ্নিত দুর্বল শিক্ষার্থীদের নিরাময় মূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। কর্ম পরিকল্পনা অনুসরণ করে এই কার্যক্রম ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বিভিন্ন পর্যায়ে চলমান থাকবে। এই বিষয়ে জনপ্রতিনিধিসহ সকল কর্মকর্তাদের সহযোগিতা প্রদানের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অনুরোধ জানান। | মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নতুন বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের এই মহতী উদ্যোগকে সার্থক ও ফলপ্রসু করার লক্ষ্যে স্ব-স্ব অবস্থান থেকে ব্যাপক প্রচার ও সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |

CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২</td><td>সংস্থাপন</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন দৈনিক ভিত্তিতে শ্রমিক মজুরী বৃদ্ধি করে অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা ২২ মে, ২০২৫ খ্রিঃ তারিখে ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৭.১৫(অংশ-৩)-১৩০ নং স্মারকে একটি পরিপত্র জারী করেছে। এতে নিয়মিত দক্ষ শ্রমিক দৈনিক মজুরী ৫৫০/- টাকার পরিবর্তে উপজেলা উপজেলা পর্যায়ে ৭০০/- টাকা নির্ধারণ করেছেন মর্মে জানান।<br><br>চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় দৈনিক মজুরী ভিত্তিতে ৪ জন কাজ করছেন। তাদেরকে নতুন হারে পুরো মাসের মজুরী প্রদান করার প্রস্তাব করেন।</td><td>ক) দোয়ারাবাজার উপজেলা পরিষদের ২ জন অফিস সহায়ক এবং একজন মালি ও সুইপার কে মজুরী ৭০০/- টাকা হারে পুরো মাসের মজুরী প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
<tr><td>১৩</td><td>রাজস্ব তহবিল সংক্রান্ত</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্য নিম্নবর্ণিত আবেদনগুলো সভায় উপস্থাপন করেন।<br><table>
<tr><th>আবেদনসমূহ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১। উপজেলা পরিষদের জীপ গাড়ী স্টার্ট ও সচল রাখার জন্য মে/২০২৫ মাসে পর্যন্ত ৩০ লিটার পেট্রোল ক্রয়</td><td>৪,২১৯/-</td></tr>
<tr><td>২। টেংরাটিলা স্পোর্টিং ক্লাবের ক্রীড়া সামগ্রী প্রদান</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং আনসার ক্যাম্পে পানির পাম্পের বিদ্যুতের প্রিপেইড মিটারে রিচার্জ বাবদ এপ্রিল, মে, জুন /২০২৫</td><td>১২,৪৪৭/-</td></tr>
<tr><td>৪। দোয়ারাবাজার উপজেলার এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রত্যেক পরীক্ষার হল রুমে সময় দেখার জন্য ০১ একটি করে মোট ২৩ টি দেওয়াল ঘড়ি ক্রয়</td><td>২১,১৬০/-</td></tr>
<tr><td>৫। জনাব মোঃ ফজলুল আহমদ শুভ, পিতা- মৃত গোলাম রব্বানী, মাতা- মোছাঃ সিতারা বেগম, গ্রাম- পূর্ব মাছিমপুর, ডাকঘর- দোয়ারাবাজার, উপজেলা- দোয়ারাবাজার, জেলা- সুনামগঞ্জ উচ্চ শিক্ষা গ্রহণের জন্য আর্থিক অনুদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৬। জনাব বজলুর রহমান, সাংবাদিক, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কে চিকিৎসা সহায়তা</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৭। জনাব মোঃ সোহেল রানা সাবেক উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর স্ত্রীর চিকিৎসার সহায়তা</td><td>১০,০০০/-</td></tr>
</table>
তিনি আবেদনগুলো অনুমোদন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান।</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার কর্তৃক উপস্থাপিত আবেদনগুলো অনুমোদন করা হয় এবং ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার</td></tr>
<tr><td>১৪</td><td>বিবিধ</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলা পরিষদের কিছু জায়গা ব্যক্তি মালিকানায় রয়েছে। জায়গাটি অধিগ্রহণ করা হলেও জমির মালিকগণকে মূল্য পরিশোধ করা হয়নি। জেলা প্রশাসকের কার্যালয় এর ভূমি অধিগ্রহণ শাখার ১৭ মে/২৫ এর ০৫.৪৬.৯০০০.০০৯.০৭.০৬০.২৪.৩৫৬ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জমির মূল্যের</td><td>ক) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসারে ব্যয় নির্বাহে অপর্যাপ্ত হওয়ায় উপজেলা পরিষদের অভ্যন্তরে ব্যক্তি মালিকানাধীন জমির মূল্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সুযোগ নেই এবং নির্ধারিত মূল্য স্থানীয় সরকার বিভাগ হতে পরিশোধ করার</td><td>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার</td></tr>
</table>

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৪ | বিবিধ | পরিশোধ করার সুযোগ রয়েছে কি না জানতে চেয়েছেন। এমতাবস্থায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে ব্যক্তি মালিকানাধীন জমির মূল্য পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন দোয়ারাবাজার উপজেলা একটি অনুন্নত উপজেলা। এ উপজেলা রাজস্ব আয় খুবই সীমিত। রাজস্ব আয় প্রাপ্ত অর্থ অতিগুরুত্বপূর্ন গ্রামীন অবকাঠামো ও যোগাযোগ উন্নয়ন সংক্রান্ত প্রকল্প গ্রহণ, পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ে সম্মানী, কর্মচারীদের বেতনভাতাদি ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসারে ব্যয় নির্বাহে অপর্যাপ্ত হয়ে পড়ে। তাই উপজেলা পরিষদের অভ্যন্তরে ব্যক্তি মালিকানাধীন জমির মূল্য স্থানীয় সরকার বিভাগ হতে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ কাজ শুরু হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের পশ্চিমে মুরাদপুর গ্রামের কবরস্থান রয়েছে। গ্রামবাসী কবরস্থানের জায়গাটি এবং জানাযার নামাজের জন্য কিছু জায়গা বাদ দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য একটি আবেদন দাখিল করেছেন। কবরস্থান এবং জানাযার নামাজের জায়গাটিতে সীমানা প্রাচীর নির্মাণ করা/না করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন যেহেতু মুরাদপুর গ্রামবাসী প্রায় শতবর্ষ যাবত জায়গাটিকে কবরস্থান হিসাবে ব্যবহার করেছে, সেহেতু ধর্মীয় বিবেচনায় কবরস্থান এবং জানাযার নামাজের জায়গাটি বাদ দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করার বিষয়ে মত প্রকাশ করেন। | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের পশ্চিমে মুরাদপুর গ্রামের কবরস্থান এবং জানাযার নামাজের জায়গাটি বাদ দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করার সিদ্ধান্ত হয় তবে সরকারের স্বার্থে যে কোন সময় কবরস্থানের উত্তরে জানাযার নামাজের জায়গাটি দখল অবমুক্ত করার অঙ্গীকার নেওয়া বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(অরূপ রতন সিংহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২৪-৭০ তারিখ ঃ- ৩০ জুন, ২০২৫ খ্রি ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৪। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। জনাব.........................................................................................।
৬। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি

উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner